# সমাচার দর্পণ

১০৯৮ সংখ্যা। বালম ১৮।] ১৮৩৬ সাল ৩০ জুলাই। শনিবার ১২৪৩ সাল ১৬ শ্রাবণ। SATURDAY, JULY 30TH. 1836. [মূল্য মাসে ১ টাকা।

No. 1098. VOL. XVIII.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

## ইশতেহার।

### সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৪ আগস্ত বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মীর সকাওয়াথ্ হোঁসেনের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ স্বর্ণ ও রৌপ্যময় আভরণ ও নানাবিধ গৃহসম্পর্কীয় আসবাব তন্মধ্যে কাষ্ঠের সিন্দুক ও বাক্স ও চেষ্ট দ্রুাজ ও কেদারা ও পেটারা ও মেজ ও তক্তপোষ ও ছবিপ্রভৃতি উক্ত সম্পত্তিতে উক্ত আসামীর সাকাওয়াথ্ হোঁসেনের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

### সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৪ আগস্ত বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফসাহেব নিত্যানন্দ দাসের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের মলঙ্গাতে লেবুতলার গলির শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক একতালা গৃহ বসত বাটী নং ৩৫ এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান।১ ছয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী নিত্যানন্দ দাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে কৃষ্ণচন্দ্র মিত্রের এক খণ্ড ভূমি। পূর্ব্ব দিগে এক গলি। উত্তর দিগে রামকৃষ্ণ মিত্রের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে পঞ্চু পালের এক খণ্ড ভূমি।

২ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে টাইলের এক খান ঘর এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান।১।০ ছয় কাঠা চারি ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী নিত্যানন্দ পালের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে পিতাম্বর সেকরার বাটী ও ভূমি। উত্তর দিগে গঙ্গারাম পোদ্দারের বাটী ও ভূমি। পূর্ব্ব ও দক্ষিণ দিগে সদর গলি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

### ইশ্তেহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে আগামি ২০ আগস্ত বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় নীচে লিখিতব্য রেশমের দুই কুঠী নীলামে ধরা যাইবেক এবং নির্দ্ধারিত মূল্যের উপর সর্ব্বাপেক্ষা উচ্চমূল্য যে ডাকিবে তাহাকে বিক্রয় করা যাইবেক। বিশেষতঃ

কাশীমবাজারের কুঠী নির্দ্ধারিত মূল্য কোং টাকা ৫,৫৮০।

বালিয়া প্রদেশ।

বেরান্দার কুঠী নির্দ্ধারিত মূল্য কোং টাকা ৩৮০০।

ঐ কুঠী যেমন সাধারণ অবস্থায় আছে তদ্রূপ লইতে হইবেক। বনাতের গুদামে অনুসন্ধান করিলে তাহার আর বিশেষ বেওরা জানিতে পারিবেন।

হাসিল ও নিমক আফীন বোর্ডের আজ্ঞাক্রমে

জে ডবলিউ গ্রাণ্ট  
বনাতের গুদাম।

বনাতের গুদাম  
২৮ জুলাই ১৮৩৬ সাল।

### NOTICE

Is hereby given, that on Saturday, the 20th of August next, at 12 o'clock (noon,) the undermentioned Silk Filatures will be put up and sold to the highest bidders above the upset prices, viz.

Cossimbazar Filature, upset price Co's. Rs. 5,500.

*Bauleah Division.*

Beralda Filature, upset price Sa. Rs. 3,000.

The Filatures must be taken as they stand, subject to the usual conditions, which, with other particulars may be known on application at the Export Ware-House.

By order of the Board of Customs, Salt and Opium,

J. W. GRANT,  
*Export W. H. Kr.*

*Export Ware-House,*  
*The 28th July*, 1836.

সমাচার দেওয়া যাইতেছে যে দুই কেতা বাঙ্গাল বেঙ্ক নোট চুরি বা খোয়া গিয়াছে বিশেষতঃ

৪২,৭২৭নং এক কেতা ৫০ টাকা।  
২৬,২২৩নং এক কেতা ১০ টাকা।

যিনি এই নোট পাইয়া থাকেন বা অনুসন্ধান পান তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে তাহার সম্বাদ দিলে উপযুক্ত পারিতোষিক পাইবেন।

## ইশতেহার।

Lost or stolen, the following Bank of Bengal Notes, No. 42,727, of fifty rupees, No. 26,223, of ten rupees. Whoever supplies satisfactory information concerning them to this office, will, if required, be rewarded.

### মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে সুপণ্ডিতকর্তৃক সংশোধনপূর্ব্বক মুদ্রিত হইয়া দুই বালমে প্রস্তুত হইয়াছে। মূল্য নূতন ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

### সটীকমনু।

সর্ব্বজনের জ্ঞাত কারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন ইতি।

### ভুবন প্রকাশ।

পুরাণাদি নানা শাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবনপ্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তি প্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সম্পূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানায় আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

### শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে। ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় প্রকাশিত পুস্তকের বিবরণ।

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গলা ডিক্স্যনরি তাহাতে বাঙ্গলা শব্দসমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্স্যনরি ২ বালম। তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের

## ইশতেহার।

শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬,০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩,৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথকরূপে লইলে ৬ টাকা।

সদ্গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ॥০ টাকা।

বাঙ্গলা গ্রামার।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত বাঙ্গলা ভাষায় গ্রামার। চতুর্থবার মুদ্রিত। মূল্য ২ টাকা।

কবিতা রত্নাকর।

অর্থাৎ স্বল্পের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্নশর্ম্মহালদারকর্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

কালাকুইশ।

অর্থাৎ বাঙ্গলা ভাষা শিক্ষার্থ ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় কথোপকথন শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্তৃক রচিত তৃতীয়বার মুদ্রিত। মূল্য ৩ টাকা।

### বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যেকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সালঅবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ ইং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮২৪ সালপর্য্যন্তের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩০ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধ আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সার সংগ্রুহ। মূল্য ৫ টাকা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক হয় তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্টহয় তাহা। মূল্য।০ আনা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ২ টাকা।

ভারতবর্ষীয় ইতিহাস।

অর্থাৎ ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয়েরদের প্রথম গমনাবধি ১৮২২ সালপর্য্যন্ত ইঙ্গলণ্ডীয়েরদের ভারতবর্ষে কৃত তাবৎ ব্যাপারের উপাখ্যান ২ বালমে প্রকাশিত হয়। মূল্য ৮ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ ৺ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ২ টাকা।

মুগ্ধবোধ।

সকলকে জানান যাইতেছে সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণ চতুর্থবার শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রাঙ্কিত হইয়া জেল্‌দ হইয়াছে ছাপার কেতাবের মূল্য ১ এক টাকা ধরা গিয়াছে। যাঁহার লওনের আবশ্যক হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতার লালবাজারে লালগির্জার সম্মুখে শ্রীযুত মারি সাহেবের নিকটে গেলে পাইবেন।

দিগদর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৮ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

বিদ্যাহারাবলি।

অর্থাৎ অস্ত্র চিকিৎসা বিদ্যারবিষয় ফিলক্স কেরিসাহেবকর্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হয়। মূল্য ১৪ টাকা।

ভারতবর্ষের ইতিহাস।

অর্থাৎ ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয়েরদের প্রথম গমনাবধি ১৮২২ সালপর্য্যন্ত ইঙ্গলণ্ডীয়েরদের ভারতবর্ষে কৃত তাবৎ ব্যাপারের উপাখ্যান ২ বালমে প্রকাশিত হয়। মূল্য ৮ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করের আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ১০ টাকা।

হিতোপদেশ।

অর্থাৎ তাহার অর্থ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৩ টাকা।

অমরকোষ।

সকলকে জ্ঞাপন করা যাইতেছে যে অমরসিংহ কৃতাভিধান সংপ্রতি শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে উত্তমাক্ষরে উত্তম কাগজে মুদ্রিত হইয়া গ্রন্থের মূল্য ১ টাকা নির্দ্ধার্য্য হইয়াছে।

গোলাধ্যায়।

অর্থাৎ ভূগোলীয় তাবদ্বৃত্তান্ত বাঙ্গলা ভাষায় মুদ্রিত। মূল্য ২ টাকা।

---

সংস্কৃত ভাষায়।

দেবনাগরে অমরকোষ।

দেবনাগর অক্ষরে প্রকাশিত তাহার ইঙ্গরেজী শ্রীযুত কোলব্রুক সাহেবকর্তৃক সম্পন্ন হইয়া সুজিসমেত দ্বিতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১২ টাকা।

বাঙ্গলা অক্ষরে অমরকোষ।

সংস্কৃত শ্লোকসকল বাঙ্গলা অক্ষরে প্রকাশিত। মূল্য ১ টাকা।

সাংখ্য প্রবচনভাষ্য।

অর্থাৎ সাংখ্যদর্শনের সংক্ষিপ্ত সংগ্রহ। মূল্য ৫ টাকা।

---

পারস্য ভাষায়।

ইং ১৭৯৩ লাং ১৮৩১ সালের শ্রীযুত গবর্ণমেণ্টকর্তৃক তাবৎ আইন প্রকাশিত হইয়া পুনর্ব্বার পারস্য ভাষায় ৯ বালমে মুদ্রাঙ্কিত হইয়াছে। প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা।

মুনসিফ সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থে যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রুহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবিল বৈস প্রসীডেণ্ট সাহেবের হজুর কৌন্সেলের অনুমতিতে প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

## PUBLICATIONS OF THE SERAMPORE PRESS.

LAW BOOKS.

*Moonsiff's and Ameens' Guide Book.*

Guide Book for Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens, containing all the Rules necessary for the conduct of suits in their Courts. Extracted from the Regulations of Government and methodically arranged. Printed in English. 8vo. Price 10 Rupees.

The same Work in Bengalee. Price 10 Rupees.

The same Work in Persian. Price 10 Rupees.

*Guide to the Revenue Regulations.*

Guide to the Revenue Regulations of the Presidencies of Bengal and Agra; containing all the unrepealed Enactments of Government, in Revenue matters, methodically arranged and corrected to the 1st September, 1835, by John C. Marshman. In 2 volumes Royal Octavo. Price 20 Rupees.

The same Work in Bengalee. Price 20 Rupees.

The same Work in Persian. Price 20 Rupees. *In the Press.*

*Macnaghten's Hindoo Law.*

Considerations on the Hindoo Law, as it is practised in Bengal, by the Hon. Sir F. W. Macnaghten, Kt. 4to. Price 20 Rupees.

*Munoo Sunghita.*

The Institutes of Munoo, with the commentary of Koolluk Bhuttu, printed in the original Sungskrita in the Bengalee character. Price 4 Rupees.

---

## রাজকর্ম্মে নিয়োগ।

২০ জুলাই।

কোম্পানির কেরাণি শ্রীযুত ডি এচ ক্রাফোর্ড সাহেব সরকারী কার্য্যের নিমিত্ত নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হওয়াতে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্‌নর্‌ জেনরল বাহাদুর তাঁহাকে বঙ্গদেশস্থ রাজধানীভুক্ত করিয়াছেন।

শ্রীযুত ডি এচ ক্রাফোর্ড সাহেব সরকারী কার্য্য নির্ব্বাহার্থ এতদ্দেশীয় দুই ভাষায় নিপুণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

শ্রীযুত ডি কনলিফ সাহেব ফোর্ট উলিয়ম কালেজে এতদ্দেশীয় ভাষায় নিপুণহওনার্থ ছাপরাহইতে কলিকাতা রাজধানীত প্রত্যাগত হইতে অনুমতি পাইয়াছেন।

মৃত ব্লাগ্রেব সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত জি গফ সাহেব ভুলুয়া ও চট্টগ্রামের নিমক এজেণ্টী পদে নিযুক্ত হইয়াছেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ত্রিহুতের স্বীয় বর্ত্তমান পদের তাবৎ কার্য্য নির্ব্বাহ করিবেন।

১৯ সংখ্যক প্রদেশের কমিস্যনর শ্রীযুত রিকেট্‌স সাহেব গত ৯ ফেব্রুআরি তারিখঅবধি ৮ মার্চ তারিখপর্য্যন্ত শ্রীযুত ষ্টরক সাহেবকে যে ছুটি দেন তৎপরে তাহাতে শ্রীযুত বিনিরবল আর্চডিকান সাহেবের অনুমতি হইল এবং তাহা মঞ্জুর হইয়াছে।

২১ জুলাই।

নীচে লিখিতব্য সাহেব স্বীয় কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

বর্দ্ধমানের উপরি জজ শ্রীযুত আর মাকান সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে তিন সপ্তাহের ছুটি পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত জে সি মেলিস সাহেব তৎপদে তাবৎ চলিত কর্ম্ম নির্ব্বাহার্থ হুকুম পাইয়াছেন।

২৩ জুলাই।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

বগুড়ার জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্‌টর শ্রীযুত টি টেলর সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে কলিকাতায় আগমনার্থ এক মাসের ছুটি পাইয়াছেন।

২৬ জুলাই।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্‌নর্‌ বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত টি টেলর সাহেব সাহাবাদের মাজিস্ত্রেট ও কালেক্‌টর হইয়াছেন।

৯ জুলাই।

এটায়ার সব কালেক্‌টর ও জাইণ্ট মাজিস্ত্রেট শ্রীযুত জে পি গবিন্স সাহেব গত মাসের ৬ তারিখে ২ সংখ্যক অর্থাৎ আগ্রার শ্রীযুত একটিং কমিস্যনরকর্ত্তৃক যে এক মাসের ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে ১৪ দিবসের ছুটি পাইয়াছেন।

---

## Civil Appointments.

*20th July, 1836.*

The Right Honourable the Governor General of India in Council is pleased to attach to the Bengal Presidency, Mr. D. H. Crawford, Writer, reported qualified for the public service.

Mr. D. H. Crawford, Writer, is reported qualified for the public service by proficiency in two of the Native languages.

Mr. D. Cunliffe has been permitted to return from Chuprah to the Presidency, for the purpose of prosecuting his studies in the Oriental languages at the College of Fort William.

Mr. G. Gough is appointed Salt Agent of Bullooah and Chittagong, in the room of Mr. C. G. Blagrave deceased, but will continue performing the duties of his present Office at Tirhoot, until further orders.

The leave granted to the Reverend William Sturrock, by Mr. Ricketts, Commissioner 19th Division, from the 9th February to the 8th March last, having subsequently received the sanction of the Venerable Archdeacon, is hereby confirmed.

*21st July.*

The following Officer has obtained leave of absence from his station:

Mr. R. Macan, Additional Judge of Burdwan, for three weeks, on private affairs. Mr. J. T. Mellis has been authorized to conduct the current duties of his office during his absence.

*23d July, 1836.*

The following officer has obtained leave of absence from his station:

Mr. T. Taylor, Joint Magistrate and Deputy Collector of Bogoorah, for one month, to visit the Presidency, on private affairs.

*26th July.*

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointment:

Mr. T. Taylor to be Magistrate and Collector of Shahabad.

*9th July.*

Mr. J. P. Gubbins, officiating Sub-Collector and Joint Magistrate of Etawah, has obtained leave of absence for 14 days, on his private affairs, in extension of the leave for one month granted by the officiating Commissioner of the 2d or Agra Division, under date the 6th ultimo.

# সমাচার দর্পণ

শনিবার ৩০ জুলাই ১৮৩৬।

চব্বিশ পরগনার জমিদার।

গবর্ণমেণ্টের অনুগ্রহার্থ চব্বিশপরগনার জমিদারেরদের দাবিরবিষয়ে অত্যুত্তম কএক লিপি সংপ্রতি কুরিয়র পত্রে প্রকাশিত হইয়াছে। তাহাতে যে কএক নূতন বিষয় প্রকাশ হইয়াছে তাহা কলিকাতা বা মফঃসলবাসি দর্পণপাঠক মহাশয়েরদের অশুশ্রূষণীয় হইতে পারে।

গত সোমবারের কুরিয়র পত্রে সম্পাদক লেখেন যে বোধ হয় জিলা তমোলুকের প্রজারা অন্যান্য জিলাস্থ প্রজারদের অপেক্ষা অধিকতর ক্লেশ পাইয়াছে। কএক বৎসর হইল তমোলুকের যুবরাজ অতিধনাঢ্যরূপে প্রসিদ্ধ ছিলেন। তিনি এক জন অতিভারি জমিদার প্রায় লক্ষ টাকা সদর মালগুজারী করিতেন এতদ্ভিন্ন ঐ জমীদারীতে বিলক্ষণ উপস্বত্ব পাইতেন কিন্তু এইক্ষণে দীন হইয়াছেন। একাদিক্রমে চারি বৎসর অর্থাৎ ১৮৩১।৩২।৩৩।৩৪ সালের তাবৎ ফসল গিয়াছে। প্রথম তিন সনে সমুদ্রীয় জলপ্লাবনে চতুর্থ সনে দামোদরের বাঁধ ভাঙ্গাতে নষ্ট হয়। তথাপি দুই বৎসর ক্ষতিগ্রস্ত হইয়াও রাজস্ব দাখিল করিয়াছিলেন তৃতীয় বৎসরে অসমর্থ হওয়াতে তাঁহার জমিদারী নীলামে ধরা গেল এবং তাহা ৯০,০০০ টাকাতে বিক্রয় হইল। এইক্ষণে ঐ জমিদার গবর্ণমেণ্টে দরখাস্ত করাতে ঐ জিলার শ্রীযুত কমিস্যনর সাহেবকে তদ্বিষয়ের যাথার্থ্যাযাথার্থ্যের রিপোর্ট করিতে হুকুম দেওয়া গিয়াছে। ঐ রাজা দরখাস্তে এই প্রার্থনা করেন যে অন্যান্য রাজ্যাপেক্ষা এই জমিদারীতে অধিক রাজস্ব নিরূপিত হইয়াছে এবং স্রোতের বেগে অধিক ভূমি শিকস্তি হইয়াছে। অতএব আমারদের বোধ হয় যে এই নীলাম অন্যথা হইয়া পুর্ব্বার ঐ জমিদারী তিনি ফিরে পাইতে পারেন।

কুরিয়রসম্পাদক আরো লেখেন যে চব্বিশ পরগনার সাতঘর জমিদারের এক ফর্দ্দ প্রাপ্ত হওয়া গিয়াছে। তাঁহারা সকলে গবর্ণমেণ্টে বার্ষিক ৫ লক্ষ টাকার রাজস্ব দিতেন। চব্বিশপরগনার তাবৎ জমা যশোহর ও কৃষ্ণনগর ও হুগলির কএক মহল ঐ পরগনাভুক্ত হওনের পূর্ব্বে বার্ষিক ৮।৯ লক্ষ টাকার অধিক হইত না। এই সাত ঘরই ঐ জিলার মধ্যে প্রধান জমিদার এবং তাঁহারদের ঐ জমিদারীব্যতিরেকে অন্য কোন সম্পত্তি নাই। ইহাঁরদের মধ্যে দুই ঘরের একেবারে সর্ব্বনাশ হইয়াছে অপর পাঁচ ঘর কর্জে ডুবিয়াছেন।

কুরিয়র পত্রের দ্বারা অবগত হওয়া গেল যে বন্যার বৎসরের খাজানার বিষয়ে অনুগ্রহপ্রার্থনার্থ চব্বিশপরগনার জমিদারেরা কোর্ট অফ ডৈরেক্তর্সেও দরখাস্ত করিতে কল্প করিয়াছেন।

হুগলির কালেজ।

অরিয়ণ্টল অবজরবর পত্রের দ্বারা অবগত হওয়া গেল যে সংপ্রতিকার হরকরা সম্পাদক যে শ্রীযুত সদর্লণ্ড সাহেবের চীন দেশহইতে শীঘ্রপ্রত্যাগমনের অপেক্ষা আছে তিনি হুগলির নূতন কালেজের অধ্যক্ষতাপদে নিযুক্ত হইয়াছেন।

মান্দ্রাজে চিকিৎসা বিদ্যার কালেজ।

মান্দ্রাজে চিকিৎসাবিদ্যাশিক্ষার্থ যে কালেজ স্থাপিত হইয়াছে তাহার ব্যয়ার্থ গবর্ণমেণ্ট সরকারী কোষহইতে এইক্ষণে বড় আনুকূল্য করিতেছেন কিন্তু তথাপি কলিকাতাস্থ কালেজে যত প্রদত্ত হইয়াছে তত নহে। ঐ চিকিৎসাশিক্ষালয়ের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর মরতিমর সাহেব ৪০০ টাকা ও শ্রীযুত ডাক্তর হার্ডিং সাহেব মাসিক ৩০০ টাকা বেতন নির্দ্দিষ্ট হইয়াছে।

যে তহসীলদারী ও কালেক্টরী পাঠশালা সরকারী খরচে চলিত সেই পাঠশালা গবর্ণমেণ্ট এইক্ষণে রহিত করিয়াছেন এবং তৎপরিবর্ত্তে উত্তম২ নানা পাঠশালা স্থাপন করিয়া লিখন পঠন ও উত্তম প্রধান২ বিদ্যা শিক্ষা করাইবেন।

বর্দ্ধমানের রাজা।

বর্দ্ধমানের রাজাভিমানি ব্যক্তির বিষয়ে জ্ঞানান্বেষণহইতে এক পত্র এবং আমারদের নিকটে প্রেরিত এক পত্র দর্পণস্থ করা গেল। এই সকল পত্রের দ্বারা বোধ হয় শীঘ্রই একতরপক্ষ নিশ্চয় হইবে কিন্তু ইহার পূর্ব্বেই অবগত হওয়া গিয়াছিল যে বর্দ্ধমানের বর্ত্তমান রাজাকে ভ্রষ্টরাজ্যকরণার্থ দেওয়ানী আদালতে প্রতাপচন্দ্রের মোকদ্দমা করিতে হইবে। এই বিষয়ে গবর্ণমেণ্ট কোন বিশেষ আদালত নিযুক্ত করিবেন না।

সর চার্লস মেটকাপ।

কাল্পিহইতে আগত পত্রে লেখে যে ভাগীরথী জাহাজ আগ্রার শ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর সাহেব ও তাঁহার আত্মীয় স্বজনগণ লইয়া যমুনা বাষ্পীয় জাহাজাকৃষ্ট হইয়া ৮ তারিখের পূর্ব্বাহ্নে আলাহাবাদ হইতে সাড়ে তিন দিবসের মধ্যে উক্ত স্থানে পঁহুছে পরে তথাহইতে গমন করে।

কলিকাতায় হত্যা ও হত্যাশঙ্কা।

এইক্ষণে কলিকাতায় হত্যা ও হত্যাশঙ্কাব্যতিরেকে প্রায় আর কিছুমাত্র শুনা যায় না। তাহাতে শহরের মধ্যে পোলীস আছে কি না সন্দেহ হয়। গত সোমবার পূর্ব্বাহ্নে গবর্ণমেণ্ট হৌসের সম্মুখেই মাঠের মধ্যে বৃক্ষতলে অতিদারুণ একটা খুন হইয়াছে। হত ব্যক্তি প্রায় ছিন্ন মস্তক হইয়া পতিতছিল ঐ ব্যক্তি শ্রীযুত কাপ্তান সেজ সাহেবের দরজীর কর্ম্ম করিত। কথিত আছে যে পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এই খুনেতে যাহারা লিপ্ত ছিল বোধ হয় তাহারদের এক জনকে ধরিয়াছেন।

কিয়দ্দিবসাবধি এই এক জনরব হওয়াতে কলিকাতায় অতিশঙ্কা হইয়াছে যে নানা লুঠকরণার্থ অস্ত্রশস্ত্রসমেত এক দল দস্যু কলিকাতা আক্রমণার্থ কল্প করিয়াছে এবং প্রথমেই মুচিখোলাতে শ্রীযুত চীফ জুষ্টিস সাহেবের বাটীতে ডাকাইতি আরম্ভ করিবে।

গত সোমবার রাত্রে এক জন কাফরী অত্যুগ্র হইয়া অতিদারুণরূপে কএক জনকে খুন করে। ঐ ব্যক্তি ঐ রাত্রে এক বেশ্যালয়ে গিয়া তাহার অপর এক উপপতিকে দেখিল তাহাতে ঐ উপপতি রাগ করিয়া কহিল যে তোমাকে ডাকে নাই কি নিমিত্ত আসিয়াছ এই কথাতে তাহাকে সাংঘাতিকরূপে বৃহৎ ছোরার দ্বারা আঘাতী করিল। তাহাতে ঐ বেশ্যার চেঁচাচেঁচি শুনিয়া যে অন্য এক ব্যক্তি তথায় উপস্থিত হইল তাহাকে খুন করে পরিশেষে যে চৌকিদার ঐ হন্তাকে গ্রেপ্তার করিতে আইল তাহাকেও খুন করিল।

# SUMACHAR DURPUN.

SATURDAY, 30TH JULY, 1836.

*The Zumeendars of the 24-Pergunnas.*

The Courier has lately given some very good articles on the claims of the Zumeendars of the 24-Pergunnas to the indulgence of Government; and has brought forward a number of new facts which will, we are certain, be found highly interesting to all the readers of the Durpun, both in Calcutta and the Mofussil.

In his paper of Monday last the Editor stated, that the district of Tumlook had suffered perhaps more than any other. The young Raja of Tumlook was a few years ago reputed a very wealthy man, possessed of extensive Talooks, paying nearly a lakh of Rupees a year in revenue to Government, and enjoying a handsome surplus income besides. But he is now reduced to beggary. *Four* crops were lost in succession, 1831, 1832, 1833 and 1834; the first three by inundations of the sea; the last by the breaking down of the embankments of the Dummooda. He nevertheless paid up the revenue during two years of disaster; but because he could not pay on the third his Zumeendaree was put up to auction, and sold for 90,000 Rupees. The Raja has petitioned the Government, and the Commissioner of the district has been ordered to make a report on it. In his petition he stated that his Zumeendaree was disproportionately assessed in reference to other estates, and that a large quantity of it had been lost by torrents. And there is every probability that the sale will be cancelled, and the lands restored to him.

The Editor also states, that he has before him a list of seven families in the 24-Pergunnas whose joint annual payments of Government revenue amounted to *five* lakhs of Rupees. The entire jumma of the district of the 24-Pergunnas, before the Muhals from Jessore. Kishnagur, and Hooghly were annexed to them, did not exceed 8 or 9 lakhs a year. These seven families are the principal Zumeendaree families of the district, and are not possessed of property elsewhere. Of these, two are entirely ruined, and five are in greatly embarrassed circumstances.

We learn from the Courier, that it is the intention of the Zumeendars of the 24-Pergunnahs to petition the Court of Directors regarding the indulgence which they claim in regard of their rents in the year of the inundation.

*Hooghly College.*

We learn from the Oriental Observer, that Mr. Sutherland, the late Editor of the Hurkaru, who is shortly expected from China, has been appointed Principal of the new College at Hooghly.

*Madras Medical College.*

The Government of Madras have at length extended public patronage to the Medical College established at that Presidency, though not to the extent of that given to the Calcutta College. Dr. Mortimer, the Superintendant, is to receive an allowance of 400 Rs. and Dr. Harding one of 300 Rupees per mensem.

Government have also abolished the Tehsildaree and the Collectorate schools which were supported at the expense of the state; and intend to establish superior schools in their stead, in which something more than reading, writing, and arithmetic shall be taught.

*The Raja of Burdwan.*

We publish in our paper this day a letter from the Gyanuneshun respecting the individual who calls himself the Raja of Burdwan; and another letter on the same subject from one of our own correspondents. From these letters we gather that the question is likely to be speedily brought to an issue; but we had previously been informed that it would be necessary for Pertab Chunder to institute a suite in Court to eject the present occupant, and that Government did not intend to appoint a special Court for this purpose.

*Sir Charles Metcalfe.*

A private letter received from Calpee states, that the Jumna and Bhageeruttee in tow, having on board the Lieutenant Governor of Agra and suite, passed that station on the 11th, having left Allahabad on the morning of the 8th, and having been only 3½ days on the passage.

*Murders and alarms in Calcutta.*

We hear of scarcely any thing at present in Calcutta but murders and alarms, so that one might be led to doubt whether there was any police whatever in the town. An atrocious murder was committed early on Monday morning, on the plain opposite Government House near a tree. The deceased was lying with his head nearly severed from his body. He was a taylor in the service of Capt. Sage. The Superintendent of Police has, it is said, seized one of the parties supposed to have been concerned in the affair.

Considerable alarm has been felt in the town, for some days past from a report, that a band of dacoits intended to make an attack on it, with every kind of weapon; that they were to begin their operations at Garden Reach on the house of the Chief Justice.

On Monday night a desperate murder was committed by a Negro, or rather an Abyssinian. He went on that night to a courtezan in a state of high excitement. He there met with a visitor of hers, who remonstrated with him about his intrusion, on which he mortally stabbed him with a large knife. He next murdered a person who came into the house on hearing the cries of the female; and finally murdered the chowkedar who came to apprehend him.

আরো অবগত হওয়া গেল যে ইটালিনিবাসিরা এইক্ষণে এই আশঙ্কায় সর্ব্বদা সশঙ্কিত আছেন যে ডাকাইত পড়িল। তাহাতে শ্রীযুত পাটন সাহেব এমত উপায় প্রায় করিয়াছেন যে দস্যুরা যদ্যপি আইসে তবে আগতমাত্রই তাহারদিগকে একেবারে গ্রেফ্তার করিবেন।

বাষ্পীয় জাহাজ।

শুরমানামক জাহাজ বেণ্টীঙ্ক বাষ্পীয় জাহাজাকৃষ্ট হইয়া ভাগীরথীদিয়া ১ আগস্ত তারিখে আলাহাবাদে যাত্রা করিবে।

ডাক মামুল।

অবগত হওয়া গেল যে ডাকমামুল বিষয়ক তজবীজকরণার্থ যে কমিটি নিযুক্ত হইয়াছিলেন তাঁহারা গবর্ণমেণ্টের নিকটে আপনারদের রিপোর্ট অর্পণ করিয়াছেন। কিন্তু সম্বাদপত্রের উপরে ডাক মামুলের বিষয়ে তাঁহারা কিরূপ পরামর্শ দিয়াছেন কিম্বা ডাক মামুলের পরিবর্ত্তে ষ্টাম্পের মামুল বসাইতে প্রস্তাব করিয়াছেন কি না তাহা জানিতে পারা যায় নাই। ইঙ্গলণ্ডীয় সম্বাদপত্রের উপর ডাক মামুল লাগে না কিন্তু ফর্দ্দপ্রতি অতি ভারি ⁄৹ আনা করিয়া ষ্টাম্পের মামুল লাগে। ইঙ্গলণ্ডহইতে শেষ সম্বাদ আগমন সময়ে শ্রীলশ্রীযুত বাদশাহের মন্ত্রিরা ডাক মামুল না বসাইয়া ফর্দ্দপ্রতি অর্দ্ধআনাপর্য্যন্ত ষ্টাম্পের মামুল কমাইতে প্রস্তাব করিয়াছিলেন। আমারদেরও ভরসা হয় যে এখানকার গবর্ণমেণ্টও তদ্রূপ বদান্যতা প্রকাশ করিবেন।

শুনা গেল ইঙ্গলণ্ড দেশে যেরূপ ব্যবহার আছে তদ্রূপ এতদ্দেশে সাধারণ ব্যক্তিরদের প্রতি বেরিং পোষ্টেজ করিয়া পত্র প্রেরণ করিতে অনুমতি দেওনার্থ কমিটির সাহেবেরা গবর্ণমেণ্টকে পরামর্শ দিয়াছেন। বেরিং পোষ্টেজের অর্থ এই যাঁহার নামে পত্র প্রেরিত হইবে তিনিই মামুল দিবেন।

সুমাত্রানামক জাহাজে খুন।

সুমাত্রানামক জাহাজ কলিকাতায় পঁহুছিলে পর ঐ জাহাজের ছোট মালিমের মোকদ্দমার তজবীজ পোলীসে হইতেছে ছোট মালিম কহিয়াছিল যে কাপ্তান ও বড় মালিম আমাকে খুন করিতে উদ্যত হওয়াপ্রযুক্ত আত্মরক্ষার্থ আমি তাহারদিগকে খুন করি। প্রথমে মল্লারা এই কথাতেই সায় দিয়াছিল বটে কিন্তু তথাপি ইহার যাথার্থ্যবিষয়ের সন্দেহ ছিল। এইক্ষণে ইঙ্গলিসমেন পত্রের দ্বারা অবগত হওয়া গেল যে ছোট মালিম খুনকরণাপরাধে দোষীকৃত হইবে এমত সম্ভাবনা আছে। ফ্রান্সদেশীয় যে এক বালক ঐ জাহাজে ছিল ঐ বালক এই বিষেয় প্রকারান্তর কহিয়াছে তাহার কথা প্রমাণে দৃষ্ট হইতেছে যে কাপ্তান ও ছোট মালিম ইহারা নিতান্তই খুন হইয়াছে এবং এই খুন ঐ কাপ্তানের অতিসুন্দরী মালাইজাতীয়া যে উপপত্নী ঐ জাহাজে ছিল তদ্ঘটিত কোন ব্যাপারেতে হয়। কথিত আছে যে বড় মালিম জীবদ্দশাতেই জলে নিক্ষিপ্ত হয় এবং জলহইতে উদ্ধারার্থ আকুঞ্চনকরত ছোট মালিমের হুকুমেতে গুলির দ্বারা হত হয়। শ্রীযুত জে এম ডব সাহেবের উদ্যোগেই এই সকল বিবরণ ব্যক্ত হইয়াছে।

অযোধ্যার রাজার উকীল।

দৃষ্ট হইতেছে যে অযোধ্যার রাজার উকীল ইঙ্গলণ্ড দেশে অতিসমাদরপূর্ব্বক গৃহীত হইয়াছেন যেহেতুক ৩ আপ্রিল তারিখের কোর্ট জর্নেলনামক পত্রে তাঁহার বিষয়ে নীচে লিখিতব্যমত কিঞ্চিৎ

We hear also that the residents of Entally are actually at this moment in great alarm, expecting an attack from dacoits, and that Mr. Patton is adopting measures to pounce upon them if they should come.

*Steamer.*

The *Soorma* in tow of the *Bentinck*, will be despatched to Allahabad on the 1st of August by the Bhageeruttee.

*Postage.*

We learn that the Committee appointed to examine into the question of Postage have sent in their report to Government; but we have not been able to hear what they have recommended regarding the postage on newspapers, or whether they have proposed to substitute a stamp tax in lieu of postage. In England newspapers pay no postage; but a very heavy stamp duty is levied on them amounting to eight pice on every single sheet. When the last intelligence left England, the King's ministers were proposing to reduce the stamp duty to two pice on each sheet, without laying on any charge for postage. We sincerely trust this liberality will be imitated by the Government here.

We learn that the Committee have recommended to Government to allow letters to be sent by private individuals, bearing postage, as is the rule in England.

*The Gunner of the Sumatra.*

The case of the Gunner of the *Sumatra* has been under investigation by the police since the vessel came in. The statement of the Gunner was, that the Captain and the Chief Mate had endeavoured to take away his life, and that he put them to death only in self defence. The crew at first corroborated these assertions; but still there was a suspicion that this account was not correct, and we now learn from the Englishman, that it is probable, that a charge of murder will be proved against the Gunner. A French apprentice boy who was on board has given a very different account of the transaction. According to his statement, the Captain and his officers were murdered, and the murder was connected with a pretty Malay woman, the Captain's mistress who was on board. It is said that the Mate was thrown overboard alive, and while struggling in the water, was fired upon by order of the Gunner. These circumstances have been brought to light through the exertions of Mr. J. M. Dove.

*King of Oude's Vakeel.*

The Ambassador of the King of Oude appears to be receiving much attention in England. The Court Journal of the 3d April has the following little paragraph about him:—

বিবরণ লেখে। তাহা এই যে শ্রীলশ্রীযুত ডিউক সমর্সেট গত মঙ্গলবারে অযোধ্যার রাজার উকীল শ্রীযুত মৌলবী মহম্মদ ইস্মাইল খাঁকে ও অন্যান্য নিমন্ত্রিত প্রধান২ কতিপয় মহাশয়কে স্বগৃহে মহাভোজন করাইলেন।

যমুনা নদীতে গমনাগমন।

যমুনা নদীতে গমনাগমনীয় পথ মুক্ত রাখণের যে প্রতিবন্ধক ছিল পূর্ব্বে তদ্বিষয়কযে সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছিল তাহা সেন্ত্রল ফ্রিপ্রেস সম্বাদপত্রে প্রকাশিত এক লিপির দ্বারা সপ্রমাণ হইল। বাওনি ও জ্বালানের স্বাধীন রাজারদের ভূমি ঐ নদী পর্য্যন্ত দুই স্থানে ব্যাপিয়া আছে এবং উভয় স্থানের মধ্যে ইঙ্গলণ্ডীয়েরদেরও ভূম্যধিকার আছে। দৃষ্ট হইতেছে উপযুক্ত মূল্যে ঐ দুই খণ্ড ভূমি ইঙ্গলণ্ডীয়েরদের হস্তে অর্পণার্থ ঐ রাজারদের নিকটে প্রস্তাব করা গিয়াছে তাহাতে তাঁহারা স্বীকৃত হন নাই সুতরাং ঐ নদীতে চৌকি বসান আবশ্যক কিন্তু চৌকি নিযুক্ত থাকনপর্য্যন্তও নদীর পথ মুক্তকরণার্থ শ্রীযুত রস সাহেব যে মহাব্যাপার করিয়াছেন তাহা বিফল হয়। অতএব এই অনিষ্টকর ব্যাপার না হইয়া ঐ দুই স্থানের মূল্য দিয়া তাবৎ বাধা দূরকরত যমুনা নদীর পথ মুক্ত রাখণার্থ কোন নিয়ম সম্পন্ন করা অত্যাবশ্যক।

মণিরাম সেটের মৃত্যু।

অতিখেদপূর্ব্বক আমারদের জ্ঞাপন করিতে হইল যে বর্ত্তমান মাসের ৫ তারিখে অতিপ্রধান বণিক মণিরাম সেট মথুরাতে লোকান্তরগত হইয়াছেন। মণিরাম সেটের রাজকীয় কর্ম্মকরণসময়ে যে২ বিষয় ঘটে তাহা স্থানাভাবপ্রযুক্ত এইক্ষণে আমরা প্রকাশ করিতে পারিলাম না। আনরবল কাবেণ্ডিস সাহেব যে সময়ে গয়লিয়রে ইঙ্গলণ্ডীয়েরদের উকীল ছিলেন তৎসময়ে তিনি গয়লিয়রের দরবারে অত্যাশ্চর্য্য নূতন২ উপায়েতে তহসীল করিয়া সেটজীর স্থানহইতে যেরূপে টাকা বাহির করিয়াছিলেন তদ্বিষয়ক বিবরণ তিন বৎসর হইল দিল্লী গেজেটে প্রকাশ হইয়াছিল তাহা পাঠক মহাশয়েরা বিস্মৃত না হইয়া থাকিবেন। মণিরাম সেটের তিন পুত্র আছেন এইক্ষণে তাঁহার অসংখ্যক ধন ঐ পুত্রেরা সমানরূপে বিভাগ করিয়া লইবেন সন্দেহ নাই।

গয়কবর রাজা।

ইঙ্গলণ্ডহইতে বোম্বাইতে হুকুম পঁহুছিয়াছে যে গুজরাটের শ্রীযুত গয়কবর রাজা স্বীয় অধিকারস্থ শ্রীযুত ধাকজী দাদাজীর যে নিষ্কর গ্রাম বাজেয়াফ্ত করেন তাহা বাজেয়াফ্তকরণের তারিখঅবধি ঐ গ্রামোৎপন্ন রাজস্বসমেত দাদাজীকে ফিরিয়া দেন। এই বিষয়ে বিলাতহইতে এই চতুর্থবার হুকুম আসিয়াছে। এবং এই চতুর্থবারের হুকুম বোম্বাইর শ্রীযুত বড় সাহেবের প্রতিপালন না করিতেই হইবে। প্রথম যে হুকুম আইসে তাহা জারী হয় নাই যেহেতুক গয়কবর রাজা নিশ্চয় কহিয়াছিলেন যে ধাকজীর ঐ গ্রাম দখলকরণ বিষয়ে ব্রিটিস গবর্ণমেণ্টের কোন অঙ্গীকার ছিল না কিন্তু শ্রীলশ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা এই নিষ্পত্তি করিয়াছেন যে তাঁহার বিষয় তাঁহাকে ফিরিয়া দেওয়াতে ব্রিটিস গবর্ণমেণ্ট স্বীকৃত আছেন।

"The Duke of Somerset entertained the Moulee Mahomed Ismael Khan, Ambassador from the King of Oude, and a select party on Tuesday, at his mansion in Park Lane.—*Cal. Cour.*

*The Navigation of the Jumna.*

The accounts which we received some time since of the obstructions to the complete freedom of the navigation of the Jumna, are confirmed by an article in the Central Free Press. At two points the territories of the Native Chiefs of Baonee and Jalaun extend down to the river, leaving a space of British territory between them. It appears that application has been made to the chiefs for the cession of these two insignificant points of land for an equivalent, but they have withheld their concurrence. It was necessary therefore to plant chowkees on the river, and while these continue, the highly liberal measure which emanated from Mr. Ross is in a great measure nullified. It is of importance that this nuisance should be removed; and that some arrangement should be made for the equitable acquisition of these two points, and the completion of the great measure of freeing the navigation of the Jumna from impediments.

*Death of Munee Ram Seth.*

We have to announce the death of the great Banker Munnee Ram Seth, which event occurred at Muttra on the 5th instant. Our limits will not permit us this week, to attract attention to the eventful scenes of Munnee Ram's public life; but our readers may not have forgotten, the interesting *exposé* exhibited in the *Delhi Gazette*, some three years ago of the curious and novel process of squeezing, which Munnee Ram underwent at Gwalior, during the administration of *Humble Gomundee.* The deceased has left three sons, among whom, no doubt, his enormous wealth will be equally divided.— *Delhi Gaz.*

*The Guycowar Raja.*

Orders have been received at Bombay from England to compel His Highness the Guycowar, the Sovereign of Goozrat, to restore to Dhakjee Dadajee, Esq. his rent free villages in that Prince's territory, with arrears from the day of their having been resumed. This is the fourth time the orders upon this subject have been given, and they are now made peremptory. The former were not acted upon because the Guycowar insisted that Dhakjee did not hold the villages under the guarantee of the British Government; but the Court of Directors have now decided that the British Government is bound to see him restored to his right.

তাহাতে বোম্বাই দর্পণে লেখে যে ব্রিটিস গবর্ণমেণ্টের ইচ্ছাতে শ্রীযুক্ত রাজার সম্মত হওয়া এইক্ষণেই অতিকর্ত্তব্য যেহেতুক বিলাতহইতে সংপ্রতি যে হুকুম পঁহুছিয়াছে সে অতিশক্ত অতএব ইহাতে কিঞ্চিন্মাত্র প্রতিবন্ধকতা করিলে ব্রিটিস গবর্ণমেণ্টকর্ত্তৃক রাজা একেবারে অপদস্থ হইতে পারেন। এই গ্রামব্যতিরেকে গয়কবারের উপরে ধাকজীর অনেক টাকার দাওয়া আছে বোধ হয় সেই টাকাও পরিশোধ করণার্থ ইঙ্গলণ্ডহইতে অতিশীঘ্র হুকুম আসিবে।

---

গত মে মাসের ১৪ তারিখে মাকাউস্থানে এমত জনরব হইয়াছিল যে কাণ্টন নগরের বন্দরদিয়া চীন দেশে স্বচ্ছন্দে নানাপ্রকার আফীনের আমদানীহওনবিষয়ে চীন দেশের শ্রীযুত বাদশাহ এক হুকুম করিয়াছেন। বোধ হয় এই জনরব অমূলক হইবে।

---

### ব্যাঘ্র বধকরণ।

হুগলি নদীর তীরে খাজুরীর ভাটিয়ানে মিডল্টননামক টেঁকে বর্ত্তমান মাসের ১৫ তারিখে ব্যাঘ্রের সহিত যুদ্ধবিষয়ক অতি শুশ্রূষণীয় এক বিবরণ সংপ্রতি সম্বাদপত্রে দৃষ্ট হইয়াছে। উক্ত তারিখে অতি প্রত্যূষে ঐস্থানীয় দারুময় মুর্চার চতুর্দিগহইতে অতিদারুণ শব্দ শুনিয়া তত্রস্থ কএক জন অত্যুত্তম বৃহৎ এক কুক্কুর সঙ্গে লইয়া তাহাতে কি শব্দ হইল নিশ্চয়ার্থ বাহিরে গেল। ব্যাঘ্র আক্রমণ করিয়া ঐ কুক্কুরকে লইয়া গেল। অনন্তর মুর্চাস্থ লোকেরা অস্ত্রশস্ত্রে সসজ্জ হইয়া ব্যাঘ্রের অন্বেষণার্থ গিয়া দেখেন যে ব্যাঘ্র ঐ কুক্কুর লইয়া একটা খড়ের গাদার উপরে বসিয়া আছে। তাহাতে কিয়ৎকালপর্য্যন্ত তাহারা ব্যাঘ্রের উপরে গুলি করিল তাহাতে কৃতকার্য্য না হইয়া নৌকাস্থ ক্ষুদ্র কামানের দ্বারা ছিটাগুলি মারিতে লাগিল। পরিশেষে বন্দুক ও কামানের গুলিতে ব্যাঘ্র আঘাতী হইয়া ঐ লোকেরদের প্রতি ঝাঁপিল কিন্তু অতিহীনবল হইয়া বসিয়া পড়িল পরে তাহারা বর্সার দ্বারা ব্যাঘ্রকে মারিয়া ফেলিল।

---

অবগত হওয়া গেল যে শিরোরের এতদ্দেশীয় প্রধান কমিস্যনর উৎকোচ গ্রহণের অভিযোগে সস্পেণ্ড হইয়াছেন। তাহাতে তিনি দোষী বটেন এমত দৃষ্ট হইতেছে। এইক্ষণে এই বিষয় তজবীজ হওনার্থ সদর আদালতে অর্পিত হইয়াছে।

---

### পত্রপ্রেরকেরদের প্রতি।

হুগলিস্থ কতিপয়জনানাং ইতিস্বাক্ষরিত পত্র অপ্রকাশ্য রহিল যেহেতুক বর্দ্ধমানের রাজার বিষয়ে তুল্যার্থক অপর এক পত্র সংক্ষেপ দেখিয়া অর্পণ করা গেল এই সপ্তাহের দর্পণে দীর্ঘ পত্রার্পণের স্থানাভাব।

কস্যচিৎ যুববিপ্রস্য ইতিস্বাক্ষরিত পত্র এবং শ্রীঠাকুরদাস শর্ম্মণঃ ইত্যঙ্কিত পত্র একেবারে পূর্ণচন্দ্রোদয়সম্পাদক মহাশয়ের নিকটে পাঠানই উচিত।

জিলা হুগলির বাঘাটিবাসি কতিপয়জনানাং ইতিস্বাক্ষরিত পত্র এইক্ষণে বিবেচ্যাবস্থায় থাকিল।

অস্বাক্ষরিত বোয়ালিয়াতে ফাঁসির পত্র এই সপ্তাহে অপ্রকাশ্য থাকিল।

জিলা বর্দ্ধমানের শ্রীখোদাবক্সদিগরের নিবেদনপত্রে কোর্ট আপীলের মাজুল আমলা শ্রীরাজবল্লভ বসুপ্রভৃতির প্রতি অভিযোগ থাকাতে অপ্রকাশ্য রহিল।

The Bombay Durpun states, that it is proper and expedient now for His Highness at once to accede to the wishes of the British Government, for the orders from home are peremptory, and the slightest opposition to them will bring the Government of His Highness at once to the ground. Besides these villages Dhakjee has a large pecuniary claim upon the Guycowar, orders for the payment of which will, it is expected, soon be received from England.

---

A report, and we believe only a report, was current at Macao on the 14th of May last, that the Emperor had issued a decree, allowing the free importation of all kinds of opium into China through the port of Canton.

---

### *Killing a Tiger.*

An interesting account of a conflict with a tiger, on the 15th instant, at Middleton's Point, river Hooghly, has just appeared in the papers. Early in the morning a violent noise was heard round the stockade. Some of the men got up to see what was the matter and a fine large dog accompanied them. All at once the tiger seized on him and disappeared. The party at the stockade armed themselves and went in search of the tiger, which they discovered lying with the dog, under a pile of straw. They kept up a fire with their rifles for some time, but with no effect. They then loaded the swivels of the boat with grape, and fired on him. With all the wounds from the rifles and the swivel, he at length ran out, and boldly marched up to the party, but growing faint, he sunk, and the party charged him with boarding pikes and killed him.

---

We learn that the Principal Native Commissioner of Serore, has been suspended from office on a charge of bribery, which bears every appearance of guilt. The matter is now before the Sudder Adawlut.

---

### *To Correspondents.*

A letter signed *Several Residents at Hooghly*, we cannot publish this week, as we have given another on the same subject, which was better suited to our limited space.

The letters of a *Young Brahmun*, and *Thakoordass Surmunu*, ought to be sent to the Poornuchuudroduyu.

The letters from the Residents at *Baghatee*, is under consideration.

A letter respecting an execution at Bauleah without a signature must lie over.

The letter of Khodabux and others of Burdwan, containing charges against the head Amla of the Court of Appeal, cannot appear.

## বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

---

কলিকাতার ব্যবস্থাপক সভাতে যে সকল ব্যবস্থা হইবে এবং তাহাতে যে২ নাম স্বাক্ষর থাকিবে তাহা প্রকাশের নিমিত্ত শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা যে প্রতিজ্ঞা করিয়াছিলেন আমরা গত রবিবাসরীয় রিফারমরহইতে তদ্বিষয়ক নিয়ম নীচে প্রকাশ করিতেছি।

ঐ সকল নিয়ম প্রকাশের ধারা।

১। ব্যবস্থাকারক সভাতে কোন ব্যবস্থা স্থির হইলে যে সকল কর্ম্মকারকেরা ঐ ব্যবস্থানুরূপ কর্ম্ম করিবেন তাঁহারদিগের নিকটে এবং সকল বিচারস্থানে তাহার এক২ প্রতিলিপি থাকিবে এবং সর্ব্বসাধারণ লোকেরাই তাহা দেখিতে পাইবেন।

২। যে কোন ব্যবস্থা স্থির হইবে দেশীয় প্রচলিত ভাষায় তাহা প্রকাশ করা যাইবেক এবং ঐ নিয়ম ছাপা হইলে তাহা অধিক মূল্যে বিক্রয় করা যাইবেক না।

৩। ভারতবর্ষের কএক রাজধানীর কর্ত্তারা চতুর্দ্দিগে ব্যবস্থা এমত প্রচার করিবেন যে তাহা সকলই জানিতে পারিবেন এবং যে২ স্থানে ঐ ব্যবস্থা পাওয়া যায় ঐ স্থানের নাম সর্ব্বসাধারণের গোচরজন্য প্রকাশ করিবেন।

৪। ব্যবস্থা নিশ্চয় হইলে তাহার নাম এবং তাহাতে কি২ বিষয় লিখিত আছে গবর্ণমেণ্ট প্রকাশ্যপত্রে তাহা প্রকাশ করিয়া দিবেন।

ব্যবস্থায় স্বাক্ষরকারিরদের নাম প্রকাশের নিয়ম।

১। ব্যবস্থা প্রকাশের পূর্ব্বে ব্যবস্থাকারকেরদের নাম স্বাক্ষরীকৃত এক পাণ্ডুলেখ্য গবর্ণমেণ্টের দপ্তরখানায় রক্ষিত হইবেক।

২। উত্তরকালীন যত ব্যবস্থা হইবে গবর্ণমেণ্টের ছাপাযন্ত্রে ছাপা হইলে পর প্রত্যেক আদালতে তাহার এক২ কাপি রাখা যাইবেক এবং ঐ কাপির প্রথম পত্রে ব্যবস্থাকারকেরদের নাম লেখা থাকিবেক।

এই প্রকার প্রতিজ্ঞা দেখিয়া বোধ হয় এত কালের পর কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা মনে করিয়াছেন ভারতবর্ষের শাসন ভাল করিবেন এবং এই নিমিত্ত আমরা তাঁহারদিগের স্থানে কৃতজ্ঞতা স্বীকার করি কিন্তু ব্রিটিস গবর্ণমেণ্টের প্রথম নিয়মাবধি এই প্রকার প্রতিজ্ঞা থাকাতে ও যে পঞ্চাশ বৎসরপর্য্যন্ত তাহা গোপন রাখিয়াছিলেন ইহাতে আশ্চর্য্য জ্ঞান হইতেছে এপর্য্যন্ত ব্রিটিস গবর্ণমেণ্টের ব্যবস্থার ভারি২ বিংশতি বহী প্রস্তুত হইয়াছে কিন্তু তাহাতে পূর্ব্বোক্ত প্রতিজ্ঞানুরূপ কিছুই হয় নাই আমারদিগের বোধ হয় না যে রাজকর্ম্মকর্ত্তারা ঐ প্রতিজ্ঞানুসারে কর্ম্ম করিতে এতকাল অক্ষম ছিলেন তবে যে করেন নাই তাহাতে এই অনুমান হয় পরমেশ্বর তাঁহারদিগকে যে অসংখ্য প্রজার শাসনকর্ত্তা করিয়াছেন গবর্ণমেণ্ট ঐ সকল প্রজার মঙ্গলবিষয়ে অবজ্ঞা করিয়া উক্ত প্রতিজ্ঞা প্রতিপালন করেন নাই যা হউক এইক্ষণে যে প্রতিজ্ঞা করিয়াছেন তাহাতে আমরা উপকার স্বীকার করি কিন্তু এইক্ষণে পৃথিবীর সর্ব্বলোক বিবেচনা করুন ব্রিটিস গবর্ণমেণ্ট আমারদিগের বিষয়ে একালপর্য্যন্ত কিপর্য্যন্ত আলস্য করিয়াছিলেন।—জ্ঞানান্বেষণ।

## Spirit of the Native Papers.

---

We quote from the last number of the *Reformer* the following resolutions passed by the Honourable the Court of Directors respecting the promulgation and authentication of the enactments of the Indian Legislative Council.

"*Promulgation of Laws and Regulations.*

1. Copies of all Laws and Regulations shall be communicated to the several functionaries appointed to carry them into effect and shall be preserved in all Courts of Justice, and there be open to the inspection of all persons.

2. All Laws and Regulations shall be translated into the several Native languages most commonly spoken, and printed, and sold at a low price.

3. The Government of the several Presidencies will make such a distribution of the copies of the laws and regulations so to be sold as may brin g them most conveniently within the reach of all persons and will notify, in a public manner, where such copies may be procured.

4. The Government will likewise, on the passing of any law or regulation, publish the title of it, and an abstract of its contents, in the Gazettes, and such other newspapers as are most generally circulated.

*Authentication of Laws and Regulations.*

1. The original copy of all Laws and Regulations shall be signed by the members of the Legislative Council by whom they shall be passed, and such copy shall be preserved, in the archives of the Government of India

2. Such copies only of the several Laws and Regulations hereafter passed as shall be printed at the Government press shall be admitted as evidence in Courts of Justice. Such copies so printed shall bear in the title page facsimiles of the signatures of the members of Council by whom the several Laws and Regulations may have been respectively passed."

These resolutions indicate an anxiety in the Honourable Court for the good government of this country, and we ought to be thankful to them; but it seems utterly strange that orders which ought to have been contemporaneous with the first enactments of Government should have been delayed for more than half a century and not issued until the Laws and Regulations to the promulgation and authentication of which those orders relate have filled some half a score ponderous volumes. It cannot be that the Directors and the local government heretofore wanted the power to pass the resolutions which are now published, and the only conclusion at which we can arrive is, that they have been guilty of a palpable indifference to the happiness of the millions whom Providence has committed to their sway. We accept with gratitude the benefit which is conferred on us by the present resolutions, but the world will read in them the past apathy of the Hononrable Court towards our interests.—*Gyan.*

শ্রীযুত জ্ঞানান্বেষণ সম্পাদক মহাশয়েষু।

সর্ব্বসাধারণ লোকেরা শুনিয়া থাকিবেন বাঁকুড়ার কারাগারে যে মহারাজ বদ্ধ ছিলেন তিনি ১৬ তারিখে হুগলিতে আসিয়া শ্রীযুত শ্রীনাথ বাবু যে কারাগারে থাকেন সেইখানে রহিয়াছেন কিন্তু এখানে কিপর্য্যন্ত হইয়াছে তাহার বিশেষ না জানিতে পারেন অতএব আমরা যাহা জানিয়াছি পাঠকবর্গের গোচরজন্য তাহা লিখিয়া পাঠাইতেছি। আমরা শুনিলাম যখন ঐ মহারাজ হুগলির কারাগারে আগমন করেন তখন শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব ও শ্রীযুত ডাক্তর ওয়াইজ সাহেব এবং চুঁচুড়ার ওলন্দাজের গবর্নর্ শ্রীযুত উপরবেগ সাহেব এই তিন ব্যক্তি তথায় উপস্থিত ছিলেন তাহার মধ্যে ঐ গবর্নর্ সাহেব রাজাকে দেখিবামাত্রই চিনিতে পারিলেন পরে মাজিস্ত্রেট সাহেব কহিলেন শ্রীযুত শ্রীনাথ বাবু রাজা প্রতাপচন্দ্রকে জানেন অতএব তাঁহাকে আনা যাউক পরে ঐ বাবু রাজার সাক্ষাতে আসিলে সাহেবেরা মহারাজকে শ্রীনাথ বাবুর বিষয়ে অনেক জিজ্ঞাসা করিলেন কিন্তু রাজা বাহাদুর অভ্রান্তরূপেই সকল কথার উত্তর দিলেন।

আরো শুনা গেল রাজসরকারের পূর্ব্ব চাকরের মধ্যে অনেকেই মহারাজকে চিনিয়াছে এবং তাহারদিগের কতিপয় ব্যক্তি বাঁকুড়াতে কয়েদ হইয়াছে শ্রীযুত হরিপ্রসাদ বন্দ্যোপাধ্যায় রাজা প্রতাপচন্দ্র বাহাদুরের সময়অবধি শ্রীযুত প্রাণনাথ বাবুর নিকটেও উকীল ছিলেন এইক্ষণে ঐ বন্দ্যোপাধ্যায় মহারাজের মুক্তিয়ার হইয়া সঙ্গেই আছেন আর ঐ মহারাজের এক জন চাকর এইক্ষণে হুগলিতে কয়েদ আছে এবং হুগলির কারাগারের এক জমাদার ইহারা দুই জনেই রাজাকে চিনিয়াছে কয়েদখানার জমাদার কহিল পূর্ব্বে যখন বর্দ্ধমানে সৈন্য জমা হইত তখন এই মহারাজকে অনেকবার দেখিয়াছি এবং কয়েদী ব্যক্তি কহিল এই রাজা তাহাকে ঘোড়সওয়ার রাখিয়াছিলেন অতএব ঐ দুই ব্যক্তি অত্যন্ত বিশ্বাসপূর্ব্বকই বলিয়াছে যে ইনিই যথার্থ মহারাজ প্রতাপচন্দ্র বাহাদুর বটেন।

বাঁকুড়ার মাজিস্ত্রেট সাহেব রাজাকে বারম্বার নিষেধ করিয়াছিলেন তিনি অস্ত্রধারি লোকসহিত বাঁকুড়ার সীমানাদিয়া না যান তথাচ রাজা তাহা না শুনিয়া সীমানার মধ্য দিয়া গিয়াছিলেন অতএব শ্রীযুত হারিণ্টন সাহেব রাজার বিষয়ে শীঘ্র এই মোকদ্দমার বিচার করিবেন এবং বোধ হয় সাক্ষিরদের সাক্ষ্য লইয়া দুই দিবসেই মোকদ্দমার শেষ হইতে পারিবেক।

এস্থলে আরো এক বিষয় স্মরণ হইল শ্রীযুত প্রাণনাথ বাবুর কয়েক জন উকীল একত্র হইয়া শেষন জজ সাহেবের নিকট এক দরখাস্ত করিয়াছিলেন কিন্তু তাহারদিগের কথার অনৈক্যপ্রযুক্তই জজ সাহেব তাহারদিগকে তাড়িয়া দিলেন।

এই সকল বিষয় বিবেচনাতে আমারদিগের বোধ হয় যিনি যাহা করিবেন তাহাতে রাজার পক্ষেই মঙ্গল হইবে আর যদি বা তাঁহার মন্দই হয় তথাপি অনুমান করি বাঁকুড়ার জিলাতে রাজা যেরূপ শাজা পাইয়াছেন এইক্ষণে সেরূপ হইবেক না। —জ্ঞানান্বেষণ।

কতিপয় পাঠক।

*To the Editor of the Gyananneshun.*

SIR,—The public are aware that the person styling himself Raja Prutap Chand who had been so long imprisoned in the Jail of Bancoora was brought to Hooghly on the evening of the 16th instant and committed to the great jail in which Sreenauth Baboo was confined. A variety of circumstances that has passed since, has come to our knowledge, which we hasten to lay before the reader.

We have been informed that soon after Prutap Chand's arrival in Hooghly, he was waited upon by Mr. Samuells, Magistrate, Dr. Wise, and an ex-Governor of Chinsurah of the Dutch times, and recognised by the last mentioned gentleman. That Sreenauth Baboo being brought by order of the Magistrate, the Raja recognized him, and answered to certain queries put to him with accuracy.

We have also learnt that he has been recognised by most of his former servants and dependants, a number of whom are in the prison of Bancoora. Hurrypersaud Banerjea, who served the Raj Sircar, as the expression is, and who was about the time of Prutap Chand's re-appearance still a servant of Pran Baboo, has recognised in him his former master and become one of his mooktears. There are two persons in the jail, the one a Jemadar and another a prisoner who acknowledge his identity. The Jemadar states he has often seen him, while serving in his regiment stationed near Burdwan, and the Prisoner declared he was a servant placed about the Raja's person. Both of them firmly believe him to be the identical Prutap Chand.

The trial will soon commence in Mr. Harington, the Session Judge's Court. The charge against the Raja is, that he had assembled armed followers, and in defiance of the repeated notices of the joint Magistrate of Bancoora, had marched through the Zillah under his jurisdiction. It will take a couple of days to go through the proceedings.

By the by it is as well worth mentioning that the Mooktears of Pran Baboo with Ragub Bhunge at their head, having presented a petition to the Session Judge, were driven from the Court for the contradictions that were uttered by certain witnesses who were produced to give their depositions.

Speculating upon the present state of circumstances we are rather inclined to think that the result of the proceedings now begun after so much delay is most likely to be in favour of the prisoner Prutap Chand. Even supposing that it turns out otherwise, we hardly think that any serious punishment can be with propriety given, after the long period of confinement he has already undergone, which is itself sufficiently hard punishment.

*Certain Readers.*

শ্রীযুত সংবাদ পূর্ণচন্দ্রোদয়প্রকাশক মহাশয় সমীপেষু।

উদ্বন্ধনমৃতব্যবস্থা।

ক্রোধাদিনোদ্বন্ধননিষ্পাদিতমরণস্য প্রায়শ্চিত্তং দাহাদ্যৌর্দ্ধদেহিকক্রিয়া চ নাস্তি। ক্রোধাৎ প্রায়ং বিষংবহ্নিং শস্ত্রমুদ্বন্ধনং জলমিত্যাদিনা পতিতত্বমভিধায় পতিতানাংন দাহঃস্যান্নান্ত্যেষ্টির্নাস্থিসঞ্চয়ইত্যাদি ব্রহ্মপুরাণেন দাহাদিনিষেধাৎ। নচোদ্বন্ধনেন মরণোদ্যতস্য পশ্চাদ্ভ্রষ্টস্য চান্দ্রায়ণবিধানাৎ বিপ্রদণ্ডোদ্যমে কৃচ্ছ্রমতিকৃচ্ছ্রং নিপাতনে ইত্যত্র উদ্যমপ্রায়শ্চিত্তাপেক্ষয়া দণ্ড নিপাতন প্রায়শ্চিত্তস্য দ্বৈগুণ্য দর্শনেনাত্রাপ্যুদ্যম প্রায়শ্চিত্ত চান্দ্রায়ণ দ্বৈগুণ্যেন পঞ্চচত্বারিংশৎকার্ষাপণীদানরূপং প্রায়শ্চিত্তমকৃতপ্রায়শ্চিত্তমৃতকুষ্ঠ্যাদিপ্রায়শ্চিত্তবদুত্তরাধিকারিণা কৃত্বা দাহাদিকং কর্ত্তব্যমিতি বাচ্যং উদ্বন্ধনমৃতস্য পতিতত্বেন পঞ্চচত্বারিংশৎ কার্ষাপণীদানরূপ প্রায়শ্চিত্তস্য সর্ব্বথৈবাযুক্তত্বাৎবরং পতিতপ্রায়শ্চিত্তমঙ্গিরসোক্ত ষড়ব্দ প্রাজাপত্যব্রতমুচিত বদ্ভাতি তচ্চাত্র ন সম্ভবতি যতোজীবদ্দশায়াং যত্র কর্ম্মণি যস্যাধিকারঃ তত্রৈব তৎপুত্রাদেঃ স্বয়ং প্রবর্ত্তনন্যায়েন প্রতিনিধিত্বমিতি। অত্রত্ত মরণেন পাতিত্যস্য নিষ্পন্নত্বাৎ তদানীং প্রায়শ্চিত্তে মৃতস্য কর্ত্তুরনধিকারেণ স্বয়ং প্রবর্ত্তনন্যায়েনোত্তরাধিকারিণামপি তত্রানধিকারাৎ অতএব স্মার্ত্ত ভট্টাচার্য্যেণোদ্বাহতত্ত্বে পিত্তুর্দ্দেশান্তরস্থায়িত্বে তৎপ্রতিনিধিত্বেন পুত্রাদিনা বৃদ্ধিশ্রাদ্ধং কর্ত্তব্যমিত্যনেন পুত্রাদেঃ স্বয়ম্প্রবর্ত্তনন্যায়েন প্রতিনিধিত্বং জীবতঃপিত্তুরভিহিতং। মরণাদিনা পিত্তুরনধিকারে দ্বিতীয়াদিবিবাহে বা বিবাহাদিকারিণা স্বয়মবশ্যংস্বপিতৃভ্যঃ শ্রাদ্ধং কর্ত্তব্যমিত্যনেন চ মৃতস্য পিত্তুরনধিকারেণ প্রতিনিধিত্বংনিরসিতং। অন্যথা অগ্নিহোত্রাদাবনধিকারিণঃ শূদ্রস্যাপি পুরোহিতেন স্বয়ম্প্রবর্ত্তনন্যায়েনাগ্নিহোত্রাদিকমনুষ্ঠাতব্যংভবেদিতি।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়েষু

উদ্বন্ধনমৃত ব্যবস্থার ভাষা।

ক্রোধাদি হেতুক উদ্বন্ধনদ্বারা মৃত ব্যক্তির প্রায়শ্চিত্ত এবং দাহাদ্যৌর্দ্ধদেহিক ক্রিয়া কিছুই নাই ক্রোধাৎ প্রায়ং বিষংবহ্নিং ইত্যাদি বচনদ্বারা তাহার পতিতত্ব অভিধান করিয়া পতিতানাং নদাহঃস্যাদিত্যাদি ব্রহ্মপুরাণে নিষেধ আছে। যদি বল অকৃত প্রায়শ্চিত্ত মৃত কুষ্ঠ্যাদির প্রায়শ্চিত্তের ন্যায় উদ্বন্ধন মৃত ব্যক্তিরও উদ্বন্ধন মরণোদ্যমের প্রায়শ্চিত্তের দ্বিগুণ অর্থাৎ চান্দ্রায়ণদ্বয়ব্রতানুকল্প পঞ্চচত্বারিংশৎ কার্ষাপণ দানরূপ প্রায়শ্চিত্ত করিয়া তদুত্তরাধিকারিরা দাহাদ্যৌর্দ্ধদেহিক ক্রিয়া করুন। ইহা বক্তব্য নহে যেহেতুক উদ্বন্ধন মৃত ব্যক্তির পতিতত্বপ্রযুক্ত পঞ্চচত্বারিংশৎ কার্ষাপণদানরূপ প্রায়শ্চিত্ত সকল প্রকারেই অযুক্ত বরং পতিত প্রায়শ্চিত্ত আঙ্গিরসোক্ত যে ষড়ব্দপ্রাজাপত্যব্রত সেই উচিতের ন্যায় হয় কিন্তু সেও এই স্থলে সম্ভবে না যেহেতুক জীবনাবস্থাতে যাহার যে কর্ম্মে অধিকার থাকে সেই কর্ম্মেতেই তৎপুত্রাদি স্বয়ং প্রবর্ত্তন ন্যায় প্রতিনিধি হয়। এই স্থলে মরণদ্বারাপাতিত্য নিশ্চিত হইলে মৃত ব্যক্তির তৎপ্রায়শ্চিত্ত করণে অনধিকারপ্রযুক্ত স্বয়ং প্রবর্ত্তন ন্যায়ে উত্তরাধিকারিরও তৎকর্ম্মে অনধিকার এই হেতুক স্মার্ত্তভট্টাচার্য্য উদ্বাহতত্ত্বে কহিয়াছেন যে পিতা বিদেশে থাকিলে পুত্রাদির স্বয়ং প্রবৃত্ত ন্যায়ে প্রতিনিধিত্ব হয়। এবং মরণাদি দ্বারা পিতার অনধিকার হইলে পুত্রাদি আপন পিত্রাদির আভ্যুদয়িক করিবেন। ইহাতেই মৃত ব্যক্তির অনধিকার হেতুক পুত্রাদির স্বয়ং প্রবৃত্ত ন্যায়ে প্রতিনিধিত্ব নিরাকৃত হইয়া

কিঞ্চ। শাতাতপীয় কর্ম্মবিপাকে উদ্বন্ধনেন হিংসুস্থিত্যনেন জন্মান্তরীয়হিংসায়া উদ্বন্ধন মরণপ্রয়োজকত্বমুক্তং তত্র হিংসামাত্রস্য উদ্বন্ধনপ্রযোজকত্বং সামান্যেন বক্তুমশক্যং রাজ্ঞা রাজকুমারঘ্নশ্চৌরেণ পশুহিংসক ইত্যাদি তদ্বচনবিরোধাৎ অতোহিংসাবিশেষস্য তৎপ্রযোজকত্বমবশ্যং বাচ্যং তত্র জলাগ্ন্যুদ্বন্ধনাদিমৃতানাং কেষাঞ্চিৎ ক্রোধাৎপ্রায়ং বিষংবহ্নিমিত্যাদিনা প্রাগুক্তব্রহ্মপুরাণেন দাহাদৌর্দ্ধদেহিকী ক্রিয়া নিষিদ্ধা কেষাঞ্চিৎ অথ কশ্চিৎ প্রমাদেন ম্রিয়তেগ্নিবিষাদিভিরিত্যাদি কূর্ম্মপুরাণেন দাহাদিকংবিহিতং। অত্র বিরোধপরিহারায় উদ্বন্ধনপ্রয়োজনকহিংসায়া দ্বৈবিধ্যমঙ্গীকর্ত্তব্যং তত্র ব্যাপাদয়েদথাত্মানং স্বয়ংযোগ্ন্যুদকাদিভিঃ। বিহিতংতস্য নাশৌচং নাগ্নির্নাপ্যুদকাদিকমিতি কূর্ম্মপুরাণে স্বয়ং পদোপাদানাৎ আত্মঘাতিনোজন্মান্তরীয়োদ্বন্ধনপ্রয়োজকহিংসায়া বহুতরগুণযুক্ত শরণাগতবালাদিবধরূপায়া গুরুত্বং তদিতরহিংসায়াঃপ্রমাদেনোদ্বন্ধনপ্রয়োজিকায়া লঘুত্বমনুমাতব্যমিত্যতঃ স্বয়মুদ্বন্ধনমৃতস্য জন্মান্তরীয় তৎপাপক্ষয়ার্থং পুত্রাদিনা তৎপ্রায়শ্চিত্তে কৃতেপি শরণাগতবালস্ত্রীহিংসকান্সংবসেন্নত্ত। চীর্ণব্রতানপি সদা কৃতঘ্নসহিতানিমানিতিযাজ্ঞবল্ক্যবচনাৎ তস্যাব্যবহার্য্যত্বেন দাহাদিব্যবহারানর্হত্বাৎ শ্রাদ্ধাদিকং নাস্ত্যেব অতএব কেনাপি মুনিনা প্রামাণিকসংগ্রহকারৈশ্চ স্বয়মুদ্বন্ধনমৃতস্য দাহাদিব্যবহারোনাভিহিতঃ সর্ব্বদেশীয় বিদ্বজ্জনগণব্যবহারোপি তথেতি।

শ্রীনিমাইচন্দ্র শর্ম্মণাং।
শ্রীশম্ভুচন্দ্র শর্ম্মণাং।
শ্রীরামচন্দ্র শর্ম্মণাং।
শ্রীহরনাথ শর্ম্মণাং।
শ্রীগঙ্গাধর শর্ম্মণাং।
শ্রীজয়গোপাল শর্ম্মণাং।
শ্রীপ্রেমচন্দ্র শর্ম্মণাং।
সংস্কৃত পাঠশালাস্থ পণ্ডিতানাং।

*A Precept regarding those who die by a violent death.*

*To the Editor of the Durpun.*

For those who under the influence of passion put an end to themselves by hanging, there is no atonement, and their bodies are not to be burnt and no shraddh*a* is to be performed; thus, "those who through passion go into the snowy range to die, or perish by poison, or fire, are to be considered as outcasts, and outcasts are not to be burnt." Thus says the Brumhu Pooran. If you say, that as an at onement is performed before burning the body by the representa tives of one who has died of the leprosy without performing the necessary atonement, so an atonement may be performed for one who proposes to hang himself, and a double atonement by his children if he actually committed suicide, and that the atonement is to consist of 45 kahuns of cowries; this precept will not hold good, for the atonement of 45 kahuns of cowries for one who is an outcast is contrary to all reason; rather the precept of the sage Ungeeras which prescribes six years of severe religious duties for one who has died an outcast ought to be obeyed; but even that will not be applicable in this case, for those religious duties only which a man, during his life time, had a right to perform, are his children, as his representatives, permitted to perform. In the present case the individual by suicide having become an outcast has no right to the performance of an atonement; neither then have his children as representatives a right to perform it. Hence Rughoo Nundun has said in the Oodbahu Tuttu that if the father resides in a foreign country, his children as his representatives may act for him, and if the father by death loses his right to perform ceremonies, let his children perform them; and in this case they perform them not as his representatives, but on their own account. It might as well be said that a bramh*un*, the spiritual

ছে। অন্যথা অনধিকারি শূদ্রাদির পুরোহিত স্বয়ং প্রবৃত্ত ন্যায়ে প্রতিনিধি হইয়া অগ্নি হোত্রাদি যাগ করুন।

কিঞ্চ শাতাতপীয় কর্ম্মবিপাকে উদ্বন্ধনেন হিংসুস্তু ইত্যাদি বচনদ্বারা হিংসাকে উদ্বন্ধন প্রযোজিকা কহিয়াছেন তাহাতে সকল হিংসাকে উদ্বন্ধন প্রযোজিকা কহা যায় না যেহেতুক রাজ্ঞা রাজকুমারঘ্ন শ্চৌরেণ পশু হিংসক ইত্যাদি তাঁহার বচনে বিরোধ হয় অতএব হিংসাবিশেষকেই উদ্বন্ধনপ্রয়োজক অবশ্য বলিতে হইবেক তাহাতে ব্রহ্মপুরাণ বচনদ্বারা জলাগ্নুদ্বন্ধনমৃত কতকগুলির দাহাদি নিষেধ করিয়াছেন এবং কূর্ম্মপুরাণ বচনদ্বারা কতকগুলির দাহাদিবিধান আছে তাহাতে ঐ বিরোধ ভঞ্জনের নিমিত্ত উদ্বন্ধন প্রযোজক হিংসা দুই প্রকার বলিতে হইবেক। তাহার মধ্যে ব্যাপাদয়েদ্‌থাত্মানং স্বয়ং যোগ্নুদকাদিভিরিত্যাদিবচনদ্বারা আত্মঘাতির উদ্বন্ধনপ্রযোজক জন্মান্তরীয় বহুতর গুণযুক্ত শরণাগতাদিবধরূপ গুরুতর পাতক অনুমান করিতে হইবেক অতএব স্বয়ং উদ্বন্ধন মৃত ব্যক্তির জন্মান্তরীণ তৎপাপক্ষয়ার্থে পুত্রাদিকর্ত্তৃক প্রায়শ্চিত্ত কৃত হইলেও শরণাগতবাল স্ত্রীহিংসকান্ সংবসেন্নতু ইত্যাদি যাজ্ঞবল্ক্যবচনবোধিত তাহার অব্যবহার্য্যত্ত্ব প্রযুক্ত দাহের অযোগ্যতা হেতুক শ্রাদ্ধাদি কিছুই নাই। অতএব কোন মুনি বা কোন প্রামাণিক সংগ্রহকার স্বয়ং উদ্বন্ধন মৃত ব্যক্তির দাহাদি ব্যবহার কহেন নাই এবং সকলদেশীয় পণ্ডিতগণের ব্যবহারও সেই প্রকার।

guide of a sooddra may, as his representative, perform those religious duties which the sooddra has no right to perform.

Again, in the Kurmobipak, written by Satatpiyu, it is said that he who injures others, dies by hanging himself; but it cannot be said that injuriousness leads to suicide, for in that book it is said, that the King put to death the man who would injure his son; hence it is only a particular kind of injuriousness that causes suicide; for we find in the Brumhu pooran, that those who die by their own hands are not allowed to be burnt, while in the Koormo pooran such persons are permitted to be burnt. We must therefore consider the injuriousness which causes a man to hang himself to be of a peculiar character, and therefore we suppose that a man whose body is allowed to be burnt, must be one who through having grievously injured a man who was possessed of excellent qualities, and was under the protection of the other has been lead to hang himself and has thus become an outcast. Although therefore for a man who has become an outcast, his children may perform the atonement, yet according to the precept of Yagya-vukyu he is to be considered an outcast and is not therefore to be burnt. Hence it appears that no Moonee and no writer of authority has given permission for a man hanging himself to be burnt; and the practice of all pundits agrees with this.

## প্রেরিত পত্র।

### কৃত্রিম মুদ্রা।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

আমি শুনিয়াছিলাম এবং সম্বাদপত্রে পাঠ করিয়াছিলাম যে নূতন মুদ্রার কৃত্রিমকরণের একটা নিষ্ফল উদ্যোগ হইয়াছিল কিন্তু তাহা স্বচক্ষে না দেখাপর্য্যন্ত আমি অমূলক জ্ঞান করিয়াছিলাম। এইক্ষণে একটা রৌপ্যমণ্ডিত তামা টাকা আমার নিকটে আছে তাহা কোম্পানির নূতন মুদ্রার ডৌলে ও পরিমাণে ও দলপুরুতে কোম্পানির নূতন টাকার তুল্য কিন্তু ওজনে /১০ আনা কমি আছে। ঐ মুদ্রার এক পৃষ্ঠের হরপসকল সমান নহে ও কদর্য্য এবং বাদশাহের মস্তকের চতুর্দ্দিগে WAMKC এই অক্ষর ও কামাতে অতিবিশেষ বৈষম্য ফলে বাদশাহের মস্তকের ছবি কিছুই হয় নাই চুল গুলা ঝেকড়ামেকড়া অতিভয়ানক ব্যক্তির যেমন তদ্রূপ। কর্ণ ও নাসিকা অতিবেঢপ হইয়াছে এবং বাদশাহের মস্তক ছবির গলদেশে টাক্‌শালের অধ্যক্ষ সাহেবের নামের অতিক্ষুদ্র প্রথমাক্ষর অঙ্কিত আছে তাহা ইহাতে নাই। প্রকৃত মুদ্রাপেক্ষা এই কৃত্রিম মুদ্রার পরিমাণ কিছু অধিক আছে এবং আসল মুদ্রাপেক্ষা কিঞ্চিৎ পাতলাও বটে। এই অতিক্ষুদ্র বৈলক্ষণ্যসকল সামান্যতঃ দৃষ্ট হয় না।

অপর পৃষ্ঠের ESNCMY এই অক্ষরের অতিঅসমান আছে অন্যান্য অক্ষরের সঙ্গে মিল নাই এবং উচ্চ নীচ। বৎসরের শালও স্পষ্ট দৃষ্ট না হওয়াতে অনায়াসে বোধ হয় না। ইহার কৃত্রিমকারক ইঙ্গরেজী ভাষা ও অক্ষর বোধ হয় ভাল জানে না। ১ অঙ্ক অতিবড় ইঙ্গরেজী আই অক্ষরের তুল্য। ৮ অঙ্কের স্থলে দুই বিন্দু আছে এবং ৩।৫ অঙ্কের স্থলে এমত কোন নূতন অক্ষর দিয়াছে যে তাহা বোধগম্য হয় না এবং পাণ্টোগ্রাফিয়া গ্রন্থেও তাহা পাইলাম না। পারস্যের কথাও যাইচ্ছা তাহাই হইয়াছে এবং প্রথম দ্বিতীয় তৃতীয় অক্ষর ঠিক নহে এবং তাহার নীচে যে বিন্দু প্রকৃত টাকাতে দুই২ করিয়া দেওয়া গিয়াছে তাহা এই কৃত্রিম মুদ্রাতে সিপাহীর ন্যায় শ্রেণীরূপে আছে কিন্তু প্রকৃত মুদ্রার অক্ষরঅপেক্ষা তাহা স্থূল এবং অতিবামদিগে পড়িয়াছে অক্ষরের কিনারাসকল স্পষ্টরূপে দৃষ্ট হয় না। কৃত্রিম টাকা পাতরে বা মেজের উপরে ফেলিলে সীসার শব্দের ন্যায় শব্দ হয় এবং প্রকৃত টাকার ন্যায় ধ্বনি হয় না।

ফলতঃ প্রকৃত টাকার সুদৃশ্যতা এই কৃত্রিম টাকার কুদৃশ্যতাতে এমত বৈলক্ষণ্য আছে যে ইউরোপীয়েরা তাহা অনায়াসে চিনিতে পারিবেন কিন্তু বোধ হয় মফঃসলে এতদ্দেশীয় কেবল অল্প লোকে চিনিতে পারিবেন।

বাহুল্যরূপে ইহা আমার লিখনের কারণ এই যে এতদ্দেশীয় লোকেরা এই কৃত্রিম টাকাতে সাবধান হন। এইপর্য্যন্ত নূতন টাকা সুদৃশ্যপ্রযুক্ত কৃত্রিম করা অসাধ্য বোধ হইয়াছে ইহা প্রকৃত অনুভবও বটে যেহেতুক অতিশিল্পী না হইলে তদ্রূপ করিতে পারে না অতএব বিনা পরীক্ষাতেই ঐ নূতন টাকা চলিতেছে। এই প্রযুক্ত পোদ্দার সরকারেরদের কর্ম্মও কম হইয়াছে। সংপ্রতি প্রায় কেহই তাহারদিগকে ঐ টাকা পরখের নিমিত্ত সাধারণ লোকেরদের মধ্যে ডাকে না। এবং যাঁহারা সরকারী কার্য্য বা রাজস্ব আদায়ের আমলার কর্ম্মে নিযুক্ত এবং যাঁহারা নূতন ও পুরাতন পয়সাতে অনেক বৈলক্ষণ্য আছে বলিয়া ছোট লোকেরদের স্থানে প্রতারণা করিয়া জীবিকা নির্ব্বাহ করে এমত ব্যক্তিব্যতিরেকে প্রায় বণিকেরদের ন্যায় নির্জীবিক হইয়াছে। অতএব আমি বোধ করি যে বণিকেরদের উপজীবিকার ব্যবসায়ে বিলক্ষণ সঙ্কট হইয়াছে এবং অল্পকালের মধ্যে সরকারী খাজানাখানাতে তাহারদের রাখণের আবশ্যকতা থাকিবে না বোধে এইরূপে কতক কৃত্রিম মুদ্রা প্রস্তুতকরণের নূতন সৃষ্টি করিতেছে। তাহার অভিপ্রায় যে ইহাতে সর্ব্বসাধারণ ব্যক্তিরা ভয় পাইয়া পুনর্ব্বার বণিকেরদিগকে কর্ম্ম দিবেন।

কস্যচিৎ রক্ষকস্য।

## Correspondence.

### COUNTERFEIT NEW COINAGE.

*To the Editor of the Durpun.*

SIR,—Of unsuccessful attempts to counterfeit the new coin, I had heard and read in the public journals, but to these reports, I could give little or no credence, until convinced of the fact. I now hold in my hand what seems to be a plated copper Rupee, very nearly of the shape, size and thickness of the new Company's coin, but one and a half anna deficient in weight; the letters of the legend on the obverse, irregular and inelegant, the W A M K C and comma, in particular, round the King's head, out of measure and proportion, the face of our Monarch a complete failure, the hair disarranged in the most pleasing disorder imaginable, quite electrified, both the ear and nose the forgerer has twisted out of shape; the very diminutive and yet distinct initials of the mint master under the neck of His Majesty, are missing, mayhaps too small to be perceived or imitated; the diameter of the counterfeit, slightly exceeds that of the lawful coin, while the former is not so thick as the latter, a common eye will not perceive *these petty* differences.

The E S N C M Y in the legend of the reverse are very irregular, out of all proportion, and in a dancing mood, the year is indistinct and cannot be well deciphered, the forgerer is evidently not an adept in the English language and characters, the 1 is too large and resembles the letter I, while two dots or strokes usurp the place of the 8, and the 3 and 5 are displaced by numerals of a novel shape, the like of which I cannot discover in the Pantographia—the first, second and last Persian characters under the inscription, which also is very clumsy, are not correct, the dots under them, which in the original appear in pairs, are in the copy as regularly ranged as soldiers under drill, but thicker and coarser than in the legal money and driven quite to the left, the edges of all the characters are ill defined.

When thrown on a table or stone, the false Rupee gives out a dull leaden sound, quite opposed to the clinking produced by the new coin.

The ugliness of the counterfeit coin is so conspicuous when compared with the beauty of the real coin, that no European can be deceived; but it is for the natives in the Mofussil, that I feel much apprehension.

I have been so prolix and particular, to place individuals of the latter description on their guard, against this nefarious attempt at deception. Hitherto the ne w Rupee, owing to the elegancy and sharpness of its execution has been deemed very difficult of imitation, and correctly so, for the hand of a master would be required; it has therefore till very late been received without the necessity of much examination; from this very cause the business of Poddars and Shroffs had declined considerably; their services have for some time been uncalled for, by private parties, and the individuals of the bunnea cast excepted, who are employed in public establishments and revenue offices with those amongst their brethren supported through the deception still imposed and practised on the lower and poorer classes, (upon which it falls very heavily) by the creation of an artificial difference and iniquitous disproportion between the value of old and new pice, they have had of late comparatively very little work. I therefore very strongly surmise that money changers, considering their craft in extreme danger, and very apprehensive of soon being found useless and unprofitable servants in all public treasuries, and consequently easily dispensed with, have set on foot this new plan of forging some coarse copper Rupees slightly silvered over, in order that on the circulation of these, to them, cheap and false tokens, the native public being alarmed, they will not only be reinstated in their former importance, but retained as heretofore in their present public situations.

*Sentinel.*

*Chinsurah, July,* 1836.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

নীচে বর্ণিত কএক পক্তি লিপি দর্পণপার্শ্বে অর্পণ করিয়া বহুজনগণের সন্দেহ নিরসন করিতে আজ্ঞা হয়। আমি ধর্ম্মসভাস্থ কায়স্থ ঐ সভাসম্পাদককে অতিবিশ্বস্ত বোধ করিয়া ব্যস্ত হইয়া সমস্ত লোকের উপকারার্থ লিখিতেছি ঐ সভার আরম্ভকালে যে চাঁদা পত্রে আমরা অনেক লোকে নামাঙ্কিত করিয়াছিলাম অঙ্কানুসারে টাকাও দিয়াছি। অত্যল্প লোকের স্থানে আদায় হয় নাই। হিসাব করিয়া দেখা গেল যাহা আদায় হইয়াছে তাহাহইতে অদ্যাবধি ধর্ম্মসভার যে২ খরচ হইয়াছে তাহা সম্পন্ন হইয়া কমবেস ৩০০০ হাজার টাকা জমা থাকিতে পারে তথাপি সম্পাদক সর্ব্বদা সর্ব্বত্র বলিয়া থাকেন যে চাঁদাপত্রে নামাঙ্কিত করিয়া অনেকে টাকা দেয় নাই সভার খরচের দায়ে আমি ব্যস্ত। ঐ বাক্যে বিশ্বসিত হইয়া সভার

*To the Editor of the Durpun.*

If you insert the following few lines in the Durpun the doubts of many will be removed. I am a Kayust belonging to the Dhurma Subha, and as I have my suspicions respecting the manager of this Subha, I hasten to make them known for the public good. When the Subha was established a subscription was set on foot, and many of us signed it, and paid our subscriptions, a very few only failed to pay the sums for which they subscribed. By examining the paper it will be seen that of the sum collected, after all expenses have been met, there must remain now in the hands of the Manager about 3000 Rupees: yet he is continually saying every where that many of the subscribers have not paid up their subscription, and that he is burdened with the expence of the Subha. Misled by these misrepresenta-

ধনাধ্যক্ষ শ্রীযুত বাবু প্রমথনাথ দেব নিজহইতে চারি পাঁচ হাজার টাকা দিয়াছেন দেব বাবু বড়ধনী দয়ালু অত্যাস্থিকের বাক্যে আস্থা করিয়া সভার হিসাব তলপ করেন নাই। ঐ বিষয়ে আমার নিবেদন এই যে দেব বাবু ধনিপ্রধান চারি পাঁচ হাজার টাকা তুচ্ছ করিতে অনায়াসে পারেন বটে তথাপি বহু বিশিষ্ট সন্তান টাকা দিয়াও নষ্ট লোকের কথায় কলঙ্কী হইয়া কষ্ট পাইতেছেন তদ্ভঞ্জনার্থে সম্পাদককে তলপ করিয়া সভার আয় ব্যয় ও স্বাক্ষরকারিদিগের নামের বিল আনাইয়া হিসাব করিবেন তাহাতে জানিতে পারিবেন যে হিসাবের সত্যাসত্য ও সভা ধনী কি ঋণী আছেন। আমি ঐ বিষয়ে অত্যাল্প এক শত টাকা চাঁদা দিয়াছি এইপ্রযুক্ত এই সকল কথা প্রকাশরূপে বলিতে লজ্জাযুক্ত হই অতএব দর্পণে অর্পণ করিলাম।

কলিকাতা নিকটস্থস্য
কস্যচিৎ কায়স্থস্য।

---

tions the Treasurer, Baboo Pretumnath Deb has given of his own money four or five thousand rupees. Deb Baboo is rich and compassionate, and placing confidence in the statements made to him, has never called for the accounts of the Society. Deb Baboo is very wealthy and caring nothing for four or five thousand rupees he can easily give them away. But many respectable persons, who have paid their subscriptions, are not a little distressed by the statements of this person. I beg, therefore, that his accounts be accurately examined; in this way the state of the Society will be known. I have only been able to contribute my subscription of 100 rupees; and therefore feeling a delicacy to bring this matter forward myself, I have sent the case to the Durpun.

*A Kayust near Calcutta.*

---

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়বরাবরেষু।

বিবিধ বিনয়পূর্ব্বক নিবেদন মিদং কতিপয় নিবেদন লিখিতেছি দর্পণৈক পার্শ্বে অর্পণ করিতে আজ্ঞা হইবেক নিশ্চয় জ্ঞান করি যে শ্রীলশ্রীযুক্ত গবর্ণমেণ্টহইতে এবিষয়ে কিঞ্চিৎ বিবেচনা অবশ্য হইবেক ইতি।

শ্রীলশ্রীযুক্ত কোম্পানি বাহাদুরের দুঃখি দারিদ্র প্রতিপালনে এবং বিদ্যা বিতরণে প্রায় এতদ্দেশীয় ব্যক্তি সমুহ অদারিদ্রু ও পণ্ডিত হইইলেন। সম্প্রুতি বোয়ালিয়া স্থানে শ্রীযুক্ত কোম্পানি বাহাদুরের অনুগ্রহে এক ইঙ্গরেজী পাঠশালা সৃষ্ট হইয়া তাহাতে কলিকাতা নগরস্থ শ্রীযুত বাবু শারদা প্রসাদ বসু দেড়শত মুদ্রা মাসিক বেতনে নিযুক্ত হইয়াছেন। ঐ পাঠশালায় এপর্য্যন্ত প্রায় সপ্ততি জন বালক আগমন পূর্ব্বক যথোচিত পরিশ্রমে ইঙ্গরেজী বিদ্যাভ্যাস করিতেছেন। আর শ্রুত হইতেছি যে অরায় এক জন পণ্ডিত আগমন করিবেন ইহাতে এদেশীয় বিশিষ্ট শিষ্ট বর্দ্ধিষ্ণু তাবৎ লোকে শ্রীলশ্রীযুক্ত কোম্পানি বাহাদুরের রণজয় এবং অধিকার বৃদ্ধিপ্রার্থনায় কায়মনোবাক্যে শ্রীশ্রী৺ আরাধনা করিতেছেন।

হে সম্পাদক মহাশয় ইহার মধ্যে আমারদিগের প্রার্থনা এই যে অল্প বেতনে অর্থাৎ ষোড়শ অথবা বিংশতি মুদ্রায় পারষ্য বিদ্যার মৌলবী প্রাপ্ত হইতে পারে তাহা হইলে আপামর সাধারণ লোকের মানস পূর্ণ হয়। পারস্য বিদ্যার গ্রন্থ বালকেরা অনায়াসে স্বয়ং লিখিয়া লইতে পারে তাহাতে কেবল কাগজ কলমের ব্যয় তাহাও অল্প মূল্যে হইতে পারে। এইক্ষণে এতদ্দেশীয় লোকে ইঙ্গরেজী ও পারস্য বিদ্যাভ্যাস সম্যক প্রকারে আকাঙ্ক্ষিত এবং পারস্য বিদ্যার অনুশীলন এস্থানে অতিশয়। তাহার প্রতি কারণ এই যে বেলগ্রামনিবাসি আছকরীনামক এক ব্যক্তি বোয়ালিয়া নগরে আগমন করিয়া আপনাকে সায়ের অর্থাৎ কবি জানাইয়া এস্থানের প্রধান২ লোকের প্রশংসায় কোমল শব্দ বিন্যাসপূর্ব্বক কএক কবিতা প্রকাশ করিবাতে এখানকার প্রধান সদর আমীন এবং ফৌজদারী আদালতের শেরেস্তাদর শ্রীযুত সৈয়দ এবরাহিম হোসেন এক মুশাহেরা করিয়া এদেশীয় কএক জন পারস্য শাস্ত্রের কবিকে আহ্বান করিয়া সকলকে কবিতার ছন্দ এবং ভাব প্রদান করিবাতে এদেশীয় কবিগণ তদনুযায়ি কবিতা পূরণ করিলেন। কিন্তু বেলগ্রামস্থ ব্যক্তি ছন্দপ্রাপ্তে ধন্দ হইয়া বিনাদ্বন্দ্বে পলায়ন করিলেন। ইহাতে বিবেচনা হইল যে বেলগ্রামস্থ ব্যক্তি ভাক্ত কবি সে যাহা হউক পারস্য পাঠশালার অল্পব্যয়ে শ্রীযুত সরকারের ভার বোধ হইবেক না কারণ এই যে বিন্দুদানে সিন্ধুর হানি হইতে পারে না ইতি।

পারস্যাক্ষরে স্বাক্ষর এবরাহিম হোসেন।

---

*To the Editor of the Durpun.*

Receive my respectful salutations. If these lines are inserted in a corner of your Durpun, we shall feel obliged, and our request will certainly attract the notice of Government.

The Honourable Company so nourish the poor, and instruct the ignorant, that the one become rich, and the other learned. By the kindness of Government an English School has been established at Bauleah, and Baboo Surda Prisad Bose has been sent from Calcutta to take charge of it, at a salary of 150 Rupees *per mensem*. In this school nearly 70 scholars are prosecuting the study of English with diligence and success. We have heard also that a pundit may be shortly expected; on this account all the inhabitants are continually praying for the glory and permanence of the British sway in India.

Mr. Editor, our petition is this, at a very little expence, say 16 or 20 rupees *per mensem*, a moulovee might be obtained for a Persian school; if this were established the wish of all, small and great, would be gratified. The scholars could easily obtain books; so that paper and pens only would need to be supplied, and this could be done for a mere trifle. The natives of these parts are now very eager to learn English and Persian, particularly the latter. The reason is this; a person from Belgram called Achukuree lately came to Bauleah, and gave himself out as a great poet. He composed some tolerable verses in praise of some of our chief people; when our Principal Sudder Ameen and Sheristadar of the Police Shoied Ebrahim Hosein invited several Persian poets on a monthly allowance, and gave them a subject for poems to be composed in a particular measure, all similar to those set before them. But the person from Belgram after receiving his task took himself off without saying any thing to any person. By this we perceive that his pretensions were groundless. Be that as it may; Government could establish a Persian school here at very little expence; a drop would never be missed from the ocean.

*Ebrahim Hosein.*

---

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

মদুক্তি কএক পংক্তি অনুগ্রহপ্রকাশে আপনকার দর্পণৈকপার্শ্বে স্থানদানে বাধিত করিতে আজ্ঞা হইবেক। কিয়ৎকালাবধি বর্দ্ধমানাধিপতি শ্রীলশ্রীযুক্ত মহারাজাধিরাজ প্রতাপ চন্দ্র বাহাদুর মিথ্যাপরাধে বাঁকুড়ার শ্রীযুক্ত মাজিস্ত্রেট সাহেবের কৌশলে শ্রীযুক্ত ধনাঢ্য বাবুজির যোগে উক্ত স্থানে কারাবদ্ধ থাকিয়া অশেষ ক্লেশানন্তরে গবর্ণমেণ্টের আদেশানুসারে জিলা হুগলির সেসন সাহেবের হজুরে বিচারার্থে প্রেরিত হইয়াছেন। দর্পণপ্রকাশক মহাশয় এ মোকামে শ্রীযুক্তের আগমনাবধি অদ্যপর্য্যন্ত যে সকল বিষয় উপস্থিত হইয়াছে ক্রমে জানাইতেছি। যে দিবস শ্রীযুক্ত এ মোকামে পঁহুছিবেন ফৌজদারীর নাজিরের সম্বাদমতে এই জিলার শ্রীযুক্ত মাজিস্ত্রেট সাহেব ফরাসডাঙ্গাপর্য্যন্ত অগ্রসর হইয়া শ্রীযুক্তকে সমভিব্যাহারে আনিয়া কারাবদ্ধ করেন। পরদিবস উক্ত সাহেব এবং কালেকটর শ্রীযুত বেলাই সাহেব ও শ্রীযুক্ত উপরবেগ সাহেব ইঁহারা সাক্ষাৎকালীন রাজসম্বোধনপূর্ব্বক কথোপকথন করিলেন এবং তিনিও উত্তরাদি যাহা করিলেন তাহাতে অন্য লোকের ও শ্রীযুক্ত উক্ত কালেকটর ও উপরবেগ সাহেবের পূর্ব্বে আলাপ থাকায় জানিতে ও চিনিতে পারিয়া সর্ব্বসাধারণের সমক্ষে কহিলেন যে শ্রীযুক্ত রাজা বটেন ইহাতে কোন সন্দেহ নাই এবং শ্রীযুক্ত মাজিস্ত্রেট সাহেবকে কহিয়া অপর কারাবন্দিঅপেক্ষা অনেক সাহায্য ও চারিআনা করিয়া খোরাকি বরাওর্দ্দ করিয়া দিলেন। তৎপর দিবসে উক্ত মাজিস্ত্রেট সাহেব শ্রীযুক্ত শ্রীনাথ বাবুকে সমভিব্যাহার করিয়া লইয়া যাওয়াতেই শ্রীযুক্ত মহারাজা উল্লেখ করিলেন যে কেমন শ্রীনাথ বাবু চিনিতে পার। তাহাতে ঐ বাবু ক্ষণেক অবয়ব ও আকার দৃষ্টি করিয়া কহিলেন যে হাঁ আমি চিনিতে পারিলাম আপনি মহারাজ প্রতাপচন্দ্র বাহাদুর কহিয়াই রাজনীতিমত সেলাম করিলেন। পরে কল্য শ্রীযুত প্রাণনাথ বাবু রাণীদিগের অগোচরে তাঁহারদের জবানি এক দরখাস্ত এই অভিপ্রায়ে যে এক ব্যক্তি আপনাকে বর্দ্ধমানের রাজা বলাইয়া রাজ্যাভিলাষী হইতেছে ঐ ব্যক্তি কখন রাজা নহে কারণ ১৪ বৎসর হইল রাজার বৈকুণ্ঠ প্রাপ্তি হইয়াছে। এ ভণ্ড আমারদিগের কুলে কলঙ্ক করিবার বাসনায় ফিরিতেছে ইহার উচিত দণ্ড ও অন্য কেহ সাক্ষাৎ করিতে যাইতে না পায় এবং রাজা বলিয়া কোন লোক না কহে শ্রীযুক্ত কমিস্যনর সাহেবের হজুরে গুজরাইলে সাহেব মৌসুফ ঐ দরখাস্ত এই হুকুমে না মঞ্জুর করিলেন যে আমাকে এ বিষয়ের বিচার করিবার ভার অর্পণ নাই এবং তাঁহারা যে রাজা নহে বলিয়া দরখাস্ত করেন এ অতিআশ্চর্য্য যেহেতুক ছোট বড় সকলই দেখিয়া এবং শুনিয়া রাজা কহিতেছে। সম্পাদক মহাশয় ইহাতে আমার সম্যক্প্রকারে বোধ হইতেছে যে রাজা হওনবিষয়ে কোন সন্দেহ নাই কারণ যদ্যপি রাজা না হইতেন তবে এপ্রকার জনরব এবং সকলের মন রাজা হওনবিষয়ে কখন প্রফুল্ল হইত না। দেখুন যে কথা দশ জনে আলোচনা করিয়া থাকে তাহাই যথার্থ হয় ইহার প্রমাণ সকল শাস্ত্রেই আছে। আর যদ্যপি শ্রীযুক্ত রাজা না হইতেন তবে শ্রীযুক্ত প্রাণনাথ বাবুর এপর্য্যন্ত চেষ্টা পাওয়ার আবশ্যক কি ছিল তিনি নিতান্ত যথার্থ জানিয়া অপদস্থভয়ে ধনব্যয়দ্বারা অশেষ চেষ্টা পাইতেছেন। কিন্তু মহাশয় এইস্থানীয় কএক ব্যক্তির ব্যবহার দেখিয়া আশ্চর্য্য হইয়াছি তাহারদিগের কোনমতে রাজা যথার্থ মুখহইতে নির্গত হয় না অন্তরে যাহা আছে সকলই জানেন ইঁহারদিগের দুই ভাবের ভিন্ন ভাব নহে। এক ভারিত্ব। দ্বিতীয় ধনাকাঙ্ক্ষা। ইহা তাঁহারদিগের বুঝিবার ভ্রান্তি যেহেতুক যৎকালে আকাশ ভাঙ্গিয়া পড়িবেক টিটিভের বাপের সাধ্য নাই যে পা দিয়া আগুলিয়া রাখিবেক ইতি ২৩ জুলাই।

কস্যচিৎ হুগলির প্রতাপপুরপ্রবাসি
শ্রীদুর্গানন্দ ঘোষস্য।

---

*To the Editor of the Durpun.*

If you kindly give a place to these few lines in a corner of your Durpun, we shall feel obliged. For some time past the Raja of Burdwan Prutap Chunder Bahadoor has been imprisoned for no real crime, by the Magistrate of Bancoorah, at the instigation of the Baboojee now possessed of the property. After suffering endless distress he has, by the orders of Government, been sent to the Session Judge of Hooghly, to undergo an examination; and now, Mr. Editor, I will give you in detail the particulars that have transpired since his arrival at this place. On the day of his arrival here, when our Magistrate heard of his approach from the head of the police, he went out as far as Chandernagore to meet him, and conducted him with the usual honours to prison. Next day in the presence of the Collector and Mr. Overbeck, the Magistrate, according to his instructions, had an interview with him; and the answers and statements he gave so convinced these gentlemen, from what they had formerly known, that he was indeed the Raja, that they openly testified before all that they had no doubt on the subject. The Magistrate therefore ordered him to be furnished with better apartments, and to receive 4 annas a day khorakee. Next day the Magistrate introduced Sreenath Baboo to him, when he immediately said, "How do you do, Sreenath Baboo? Do you know me?" The Baboo, after surveying him attentively, said, "Yes, I know you; you are the Muharaj Prutap Chunder Bahadoor;" and made his salam to him as to a King. Next day a petition was presented by Prannath Baboo, purporting to be from the Ranees, affirming that this pretender was not the Raja, because he had departed this life 14 years ago; that the present claim was preferred merely to disgrace their family; that he should receive his merited punishment; and that no person should be admitted to his presence, or be permitted to call him Raja. This petition was presented to the Commissioner, but he did not grant the request. He said he was not appointed to decide the case; but he wondered they should say he was not the Raja when all, great and small, who saw him or heard him, confessed that he was. From all this, Mr. Editor, we apprehend that there is no doubt of his being the Raja; because were he not, these reports and opinion had not been so prevalent. What ten persons affirm every shastra declares to be true. Would Prannath Baboo be so anxious did he not believe that he was the Raja? No other reason but this can be assigned, why he is so much afraid, and so liberal with his money. But I wonder at the conduct of some here who never openly call him the Raja. Their secret reasons all know. Of these there are two; 1st. pride; 2d. the desire of gain. These are the causes of their not being able to make up their minds. When the heavens burst and fall, all the efforts of the lapwing to prevent the ruin will be in vain.

*Certain Residents in Prutappore in Hooghly.*

*23d July.*

---

কোম্পানির কাগজ।

| | | | |
|---|---|---|---|
| ৬ টাকা সুদের লোন | ১৭ | ১৮ | প্রিমিয়ম |
| পুরাতন ৫ টাকার লোন | | | |
| ১ ক্লাস | ৬০ | ॥০ | ঐ |
| ২ ক্লাস | ১ | ৬০ | ঐ |
| ৩ ক্লাস | ১।০ | ১৬০ | ঐ |
| মধ্যম ৫ টাকার লোন | ০ | ০ | ঐ |
| নূতন ৫ টাকার লোন | ১৬০ | ২ | ঐ |
| ৪ টাকার লোন | ১৬০ | ২ | ঐ |

বেঙ্ক সের।

বঙ্গাল বেঙ্ক ৬০০০—৬২০০ প্রিমিয়ম

*Government Securities.*

| | | |
|---|---|---|
| 6 Per Cent loan, | 17 0 | 18 0 Prem. |
| Old 5 Per Cent loan, | | |
| 1st. Class, | 0 4 | 0 0 |
| 2d. Class, | 0 5 | 0 0 |
| 3d. Class, | 4 0 | 3 8 |
| Middle 5 per cent loan, | 0 0 | 0 0 |
| New 5 per Cent, | 11 8 | 10 8 |
| 4 per Cent loan, | 0 2 | 0 6 Disct. |

*Bank Shares.*

Bank of Bengal, ................Sa. Rs. 6000—6200.